# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Sraban 27, 1433 Bangla, August 11, 2026, Tuesday, No. 217, 56th year

# H I G H L I G H T S

PM Tarique Rahman has urged country's people to work from their respective positions to realize the dream of Bangladesh as envisioned by the martyrs of July mass uprising. [R. Today: 23]

Tarique Rahman has said that main objective of present government is to build Bangladesh as a democratic and welfare-oriented state. [R. Today: 20]

Indian High Commissioner, Dinesh Trivedi, has paid a courtesy call on PM Tarique Rahman & discussed important bilateral issues. Bangladesh hopes that India will expedite process of extraditing Sheikh Hasina. [BBC: 03]

Foreign Minister has stated that no decision in principle has yet been reached regarding Prime Minister Tarique Rahman's visit to India. [R. Today: 20]

Education Minister has announced that students dissatisfied with their SSC and equivalent results can apply for full re-evaluation of their original answer scripts. [BBC: 07]

At least 16 Bangladeshi nationals have been killed in devastating fire in Saudi Arabia - government will provide one-off special humanitarian grant to each of the 16 victims' families. [BBC: 04; R. Today: 22]

Islami Bank Bangladesh PLC has filed complaint against 38 people including former President Mohammed Shahabuddin alleging embezzlement of around Tk 500 crore through loan irregularities. [BBC: 08]

Five more children have died across country with suspected measles. [R. Today: 22]

Death toll from the ongoing floods and intensive rainfall in Assam has risen to 101. [BBC: 09]

Iran says it will not resume negotiations with US until Washington provides compensation for violations of the memorandum of understanding. [NHK: 10]

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

# দৈনিক মনিটরিং রিপোর্ট

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**শ্রাবণ ২৭, বাংলা ১৪৩৩, আগস্ট ১১, ২০২৬, মঙ্গলবার, নং- ২১৭, ৫৬তম বছর**

# শিরোনাম

জুলাই গণ-অভ্যুত্থানে শহিদদের স্বপ্নের বাংলাদেশ গড়ে তুলতে দেশের প্রতিটি নাগরিককে নিজ নিজ অবস্থান থেকে দায়িত্ব পালনের আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। [রে. টুডেঃ ২৩]

তারেক রহমান বলেছেন, একটি গণতান্ত্রিক, মানবিক ও প্রকৃত কল্যাণ রাষ্ট্র প্রতিষ্ঠাই এই সরকারের মূল উদ্দেশ্য। [রে. টুডেঃ ২০]

প্রধানমন্ত্রী তারেক রহমানের সাথে ভারতীয় হাইকমিশনার দীনেশ ত্রিবেদীর সৌজন্য সাক্ষাতে দ্বিপাক্ষিক গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয়। বাংলাদেশ আশা করে, ভারত শেখ হাসিনাকে প্রত্যর্পণের প্রক্রিয়া ত্বরান্বিত করবে। [বিবিসিঃ ০৩]

প্রধানমন্ত্রী তারেক রহমানের সম্ভাব্য ভারত সফর নিয়ে এখনো কোনো নীতিগত সিদ্ধান্ত হয়নি -- জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী। [রে. টুডেঃ ২০]

এসএসসি বা সমমানের পরীক্ষার উত্তরপত্র শিক্ষার্থীরা পুনর্মূল্যায়নের সুযোগ পাবেন বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী। [বিবিসিঃ ০৭]

সৌদি আরবের রিয়াদে সোফা তৈরির কারখানায় অগ্নিকাণ্ডে নিহত ১৬ বাংলাদেশি শ্রমিকের পরিবারের জন্য এককালীন বিশেষ মানবিক অনুদান দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। [বিবিসিঃ ০৪;রে. টুডেঃ ২২]

পাঁচশ, কোটি টাকা আত্মসাতের অভিযোগে সাবেক রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনসহ ৩৮ জনের বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনে অভিযোগ করেছে ইসলামী ব্যাংক। [বিবিসিঃ ০৮]

সারাদেশে হামের উপসর্গ নিয়ে আরও পাঁচজনের মৃত্যু। [রে. টুডেঃ ২২]

আসামের বন্যা কবলিত অঞ্চলে এখন পর্যন্ত ১০১ জনের মৃত্যু হয়েছে। [বিবিসিঃ ০৯]

ইরান বলেছে, সমঝোতা স্মারক লঙ্ঘনের অভিযোগে ওয়াশিংটন ক্ষতিপূরণ না দেওয়া পর্যন্ত তারা যুক্তরাষ্ট্রের সাথে আলোচনা পুনরায় শুরু করবে না। [এনএইচকেঃ ১০]

# বিবিসি

## প্রধানমন্ত্রী তারেক রহমানের সাথে ভারতীয় হাইকমিশনারের সাক্ষাতে কী হলো

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার দীনেশ ত্রিবেদী। মি. ত্রিবেদী ঢাকায় আসার পর প্রধানমন্ত্রীর সাথে এটাই তার প্রথম আনুষ্ঠানিক সাক্ষাৎ। বৈঠকের পর বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান বলেছেন যে, তারা আশা করছেন বাংলাদেশের দৃষ্টিভঙ্গি ভারত সরকার অনুধাবন করতে পেরেছে এবং বাংলাদেশ রাষ্ট্রের কোনো স্তম্ভকে আন্ডারমাইন আর করার মতো কিছু তারা করবে না। আর প্রধানমন্ত্রীর প্রেস উইং থেকে দেওয়া বিবৃতিতে বলা হয়েছে, "বৈঠকে বাংলাদেশ ও ভারতের দ্বিপাক্ষিক গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয়। বাংলাদেশ আশা করে, ভারত শেখ হাসিনাকে প্রত্যর্পণের প্রক্রিয়া ত্বরান্বিত করবে।„ অন্যদিকে বৈঠকের পর সাংবাদিকদের প্রশ্নের জবাবে ভারতীয় হাইকমিশনার বলেছেন, বাংলাদেশের প্রধানমন্ত্রীর সাথে তার 'খুবই ভালো আলোচনা হয়েছে'। তারা এখন সামনের দিকে তাকাচ্ছেন। সচিবালয়ে এই বৈঠকের সময় সেখানে উপস্থিত ছিলেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান এবং প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির। প্রসঙ্গত, বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার নয়া দিল্লিতে একটি ভার্চুয়াল সংবাদ সম্মেলনে বক্তব্য দেওয়া নিয়ে বাংলাদেশ সরকারের তীব্র অসন্তোষ প্রকাশের কয়েকদিনের মধ্যেই দীনেশ ত্রিবেদীর সাথে বাংলাদেশের প্রধানমন্ত্রীর প্রথম সাক্ষাৎটি অনুষ্ঠিত হলো। বাংলাদেশে ভারতীয় হাইকমিশনার হিসেবে নিয়োগ লাভের পর গত ১২ জুন ঢাকায় এসেছিলেন ভারতীয় রাজনীতিক মি. ত্রিবেদী। এরপর গত ২৫ জুন তিনি রাষ্ট্রপতির কাছে তার পরিচয়পত্র পেশ করেন। দায়িত্ব নিয়েই তিনি বাংলাদেশিদের ট্যুরিস্ট ভিসা আবেদন গ্রহণ করার ঘোষণা দেন, যা প্রায় দুই বছর বন্ধ ছিল। পরে চলতি বছরের ২৮ জুন থেকে ঢাকায় ভারতীয় হাইকমিশন স্বাভাবিক ভিসা কার্যক্রম শুরু করে। কিন্তু এর মধ্যেই আবার দিল্লিতে বিমানবন্দরে বাংলাদেশে প্রধানমন্ত্রীর একজন উপদেষ্টাকে হেনস্থার ঘটনা এবং পরে শেখ হাসিনার ভার্চুয়াল সংবাদ সম্মেলনকে ঘিরে কিছুটা ক্ষুব্ধ প্রতিক্রিয়া দেখিয়েছে বাংলাদেশে। সে কারণে প্রধানমন্ত্রী তারেক রহমানের সাথে দীনেশ ত্রিবেদী সৌজন্য সাক্ষাৎ নিয়ে অনেকের মধ্যেই কৌতূহল তৈরি হয়েছিল। এর আগে, বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের সাথে গতকাল রোববার বৈঠক করেছিলেন দীনেশ ত্রিবেদী।

### বৈঠকের বিষয়ে যা বললেন দীনেশ ত্রিবেদী

সচিবালয়ে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের সাথে বৈঠক শেষে বের হওয়ার পথে অপেক্ষমাণ সাংবাদিকদের সাথে আলাপকালে মি. ত্রিবেদী বৈঠকটিকে 'জনগণের প্রতিনিধির সাথে জনগণের প্রতিনিধির সাক্ষাৎ' হিসেবে বর্ণনা করেন। "খুবই ভালো লাগলো। আমি কূটনীতিক নই। এটা ছিল জনগণের প্রতিনিধির সাথে জনপ্রতিনিধির সাক্ষাৎ। আমি খুবই আনন্দিত যে, ওনার সাথে আমার দেখা হলো। দেখা হওয়ার সাথে সাথে মনে হয়নি যে, প্রথমবার আমি ওনার সাথে দেখা করেছি। খুবই ভালো। খুবই বিনয়ী,„ সাংবাদিকদের বলছিলেন তিনি। ভারতীয় হাইকমিশনার বলেন, তাদের মধ্যে খুবই ভালো আলোচনা হয়েছে এবং ভারতের জনগণ ও প্রধানমন্ত্রী এখন সামনের দিকে তাকাচ্ছেন (লুকিং ফরোয়ার্ড)। "আমাদের আমন্ত্রণ তো আগে থেকে আছে (তারেক রহমানের ভারত সফর বিষয়ে)। ভারতের জনগণ ও প্রধানমন্ত্রী আর লুকিং ফরোয়ার্ড, অ্যান্ড উই আর পজিটিভ। দুই নেতা সাথে বসলে আলোচনা হলে... ডেমোক্রেসিতে ইস্যু থাকবে। ইস্যু না থাকলে ওটা ডেমোক্রেসি না। আমাদের ইস্যু হবে, বাংলাদেশের ইস্যু হবে। কিন্তু মানুষের ইস্যু একটাই- ভালো সম্পর্ক। আর ভালো সম্পর্ক হবে উইন উইন সিচুয়েশনে " বলছিলেন তিনি। মি. ত্রিবেদী বলেন, "আমাদের যা ইতিহাস আছে, তা তো বদলানো যাবে না। প্রতিবেশী তো বদলানো যাবে না। আমি একটা কথা সবসময় বলি যে, আমরা শুধু সীমান্ত শেয়ার করি না, স্বপ্ন শেয়ার করি। মনে হচ্ছে, আগামী দিন ভালোই হবে। ইস্যুকে সর্ট আউট করতে হবে দুই দিক থেকে। আমি খুবই আত্মবিশ্বাসী। খুবই ভালো লেগেছে, ওনার সাথে দেখা হলো।„ কিন্তু বৈঠকে সুনির্দিষ্ট কিছু নিয়ে আলোচনা হলো কি-না, সাংবাদিকদের এমন প্রশ্নের সরাসরি কোনো জবাব তিনি দেননি। ভারতীয় হাইকমিশনার শুধু বলেছেন, "এমন কোনো ইস্যু নেই, যা আমরা বসে সমাধান করতে পারি না। এটা উইন উইন সিচুয়েশন। দুই দেশে গতিশীল ডেমোক্রেসি। দুই মাস হলো এসেছি। এত সম্মান পেয়েছি, প্রীতি ও ভালোবাসা পাচ্ছি- আমার ভালো লেগেছে।„ এরপরেও সাংবাদিকদের একের পর এক প্রশ্নের জবাবে তিনি বলেন, "সবই ভালো হবে, ইতিবাচক হবে।„

### যা বলছে পররাষ্ট্রমন্ত্রী ও প্রধানমন্ত্রীর দফতর

গত ৫ আগস্ট দিল্লিতে শেখ হাসিনার ভার্চুয়াল সংবাদ সম্মেলন নিয়ে সংবাদ মাধ্যমে বিবৃতি পাঠিয়ে ক্ষোভ প্রকাশ করেছিল বাংলাদেশ সরকার। আজ প্রধানমন্ত্রী তারেক রহমানের সাথে ভারতীয় হাইকমিশনারের সৌজন্য সাক্ষাতের পর বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান প্রেস ব্রিফিং-এ বলেছেন, তারা আশা করছেন তাদের বক্তব্য গুরুত্বের সাথে ভারতীয় কর্তৃপক্ষ অনুধাবন করেছেন। "আমরা কোন বিষয়ে বলেছি, প্রেস স্টেটমেন্টও দিয়েছি, সেটি তারা বুঝতে পেরেছেন,„ বলেছেন তিনি। মি. রহমান বলেন, একটা রাষ্ট্রের তিনটি স্তম্ভ- নির্বাহী বিভাগ, জুডিশিয়ারি ও আইনসভা। দণ্ডপ্রাপ্ত হাসিনার জায়গা হলো জুডিশিয়ারি। বাংলাদেশের একটি যোগ্য আদালত তাকে দণ্ড দিয়েছেন।

দণ্ডপ্রাপ্ত আসামিকে কাস্টডিতে নেওয়া হয় এবং তার যদি কোনো বক্তব্য থাকে, আত্মপক্ষ সমর্থনের কিছু থাকে, সেটি আদালতে বলবে। ৫ তারিখে হাসিনা যে কাজ করেছে সেটি হলো- বাংলাদেশের জুডিশিয়ারি, রাষ্ট্রের একটি স্তম্ভ- তাকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়েছে। সে কাজটি ভারত সরকার তাকে করতে দিয়েছে। আমরা চাই, আমাদের রাষ্ট্রের পুরো কাঠামোর প্রতি সারা বিশ্ব শ্রদ্ধাশীল হোক। আমরা আশা করবো, এ বিষয়টি ভারত সরকার অনুধাবন করবেন,„ বলেছেন তিনি। পররাষ্ট্রমন্ত্রী বলেন, সোমবার হাইকমিশনার তার সাথে কথা বলেছেন এবং তার ধারণা হয়েছে, তারা বিষয়টি বুঝতে পেরেছেন। ”আমরা আশা করবো, আমাদের রাষ্ট্রের কোনো কিছুকে তারা আন্ডারমাইন করবেন না। তাদের সাথে কথা বলে আমি কিছুটা আশ্বস্ত যে, এর পুনরাবৃত্তি পাবো না,„ বলেছেন তিনি। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, ”প্রধানমন্ত্রীকে ব্রিকসে দাওয়াত দেওয়া হয়নি। দাওয়াত দেওয়া হয়েছে বিমসটেক-এর চেয়ারম্যানকে। এ পার্থক্য বুঝতে হবে। এর আগে, ভারতীয় প্রধানমন্ত্রী সরকার গঠনের দিন যে চিঠি দিয়েছিলেন, সেখানে তিনি আমন্ত্রণ জানিয়েছিলেন। সেটা আমরা দেখবো।„ আজ এ বিষয়ে (দ্বিপাক্ষিক সফর) কোনো আলোচনা হয়েছে কি-না- এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, এসব বিষয়ে তারা কোনো সিদ্ধান্ত এখনো নেননি। ভারতীয়রা বাংলাদেশ সরকারের বার্তা বুঝতে পেরেছে কি-না জানতে চাইলে তিনি বলেন, ”গতকাল উনি (ভারতীয় হাইকমিশনার) স্পষ্ট করেই বলেছেন যে, উনি বুঝতে পেরেছেন। উনার সাথে আমার আলোচনা হলো তো, সেখানে তিনি বলেছেন যে, আমরা কোন দৃষ্টিভঙ্গি থেকে বলছি সেটি তিনি বুঝতে পেরেছেন।„

এর আগে, প্রধানমন্ত্রীর সাথে ভারতীয় হাইকমিশনারের সাক্ষাতের পরপরই প্রধানমন্ত্রীর প্রেস উইং থেকে একটি সংবাদ বিজ্ঞপ্তি বা বিবৃতি দেওয়া হয়েছে। এতে বলা হয়, সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর দফতরে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। ”বৈঠকের শুরুতে প্রধানমন্ত্রী ভারতীয় হাইকমিশনারকে স্বাগত জানান। হাইকমিশনার ঢাকায় গত দুই মাসের দায়িত্ব পালনের অভিজ্ঞতা প্রধানমন্ত্রীর কাছে তুলে ধরেন। বৈঠকে বাংলাদেশ ও ভারতের দ্বিপাক্ষিক গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয়।„ ”বাংলাদেশ আশা করে, ভারত শেখ হাসিনাকে প্রত্যর্পণের প্রক্রিয়া ত্বরান্বিত করবে। একইসঙ্গে শহিদ ওসমান হাদি হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত হত্যাকারীদের বাংলাদেশে ফিরিয়ে দেওয়ার বিষয়েও ভারতের প্রতি অনুরোধ পুনর্ব্যক্ত করা হয়,„ বিবৃতিতে উল্লেখ করা হয়। বিবৃতিতে বলা হয়, প্রধানমন্ত্রী দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক আরও এগিয়ে নিতে উপযুক্ত পরিবেশ তৈরির প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। প্রসঙ্গত, বাংলাদেশে ২০২৪ সালের আগস্টে শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকারের পতনের পর ক্ষমতায় আসা অন্তর্বর্তী সরকারের সময়ে বাংলাদেশ-ভারত সম্পর্কের দৃশ্যত অবনতি ঘটেছিল। দুই পক্ষেই ভিসা কার্যক্রম স্থগিত ছাড়াও তখন দুই দেশেরই রাজনীতিবিদদের কারও কারও বক্তব্য- পাল্টা বক্তব্যে কূটনৈতিক সম্পর্কে অস্বস্তি বেড়ে গিয়েছিল। এমনকি তখন দুই দেশেই হাইকমিশনের সামনে বিক্ষোভের ঘটনায় হাইকমিশনারদের পাল্টাপাল্টি তলবের ঘটনাও ঘটেছে। তবে চলতি বছরের ফেব্রুয়ারিতে বাংলাদেশের নির্বাচনে বিএনপি জয়ী হওয়ার পর তারেক রহমানের শপথ অনুষ্ঠানে লোকসভার স্পিকারকে পাঠিয়েছিল ভারত। এর আগে, গত বছরের ডিসেম্বরে বিএনপির চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার মৃত্যুর পর তার প্রতি শেষ শ্রদ্ধা জানাতে এসেছিলেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর। কিন্তু সম্প্রতি ৫ আগস্ট দিল্লিতে শেখ হাসিনার বক্তব্য দেওয়া নিয়ে ক্ষোভ প্রকাশ করেছে বাংলাদেশ। ঢাকার অভিযোগ, বাংলাদেশের আপত্তি সত্ত্বেও ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নয়া দিল্লিতে সংবাদ সম্মেলনে বক্তব্য রাখার সুযোগ দেওয়া হয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ১০.০৮.২০২৬ আলী আহমেদ)

## সৌদি আরবে আগুনে ১৬ বাংলাদেশি নিহত, চুল কাটতে গিয়ে বেঁচে গেছেন হাবিবুর

সৌদি আরবের রিয়াদে একটি সোফা তৈরির কারখানায় ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় এখন পর্যন্ত মোট ১৬ জন বাংলাদেশির মৃত্যুর খবর নিশ্চিত করেছে রিয়াদে বাংলাদেশ দূতাবাস। নিহতদের মধ্যে ১১ জনের বাড়ি উত্তরাঞ্চলীয় জেলা নওগাঁর আত্রাই উপজেলায় বলে তথ্য পাওয়া গেছে বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. মনিরুজ্জামান। তবে প্রবাসী কল্যাণ মন্ত্রণালয় বলছে, নিহতদের মধ্যে আত্রাইয়ের ১৩ জন রয়েছেন। সৌদি আরবে বাংলাদেশ দূতাবাস থেকে প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ে পাঠানো তথ্য অনুযায়ী, প্রাথমিকভাবে বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে অগ্নিকাণ্ডের সূত্রপাত হতে পারে বলে ধারণা করা হচ্ছে। সরকারি বার্তা সংস্থা বাসস জানিয়েছে, ওই দুর্ঘটনায় নিহতদের মরদেহ দ্রুত দেশে ফিরিয়ে এনে পরিবারের কাছে হস্তান্তর ও ক্ষতিপূরণ নিশ্চিত করতে সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছে প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের কাছ থেকে পাওয়া তথ্য বলছে, রিয়াদের শিফা থানা এলাকার মুসা সানাইয়া শিল্প এলাকায় ওই সোফা তৈরির কারখানাটি বাংলাদেশি কর্মীরাই পরিচালনা করে আসছিলেন। রোববার স্থানীয় সময় বেলা ২টার দিকে আগুন লাগে এবং এর পরপরই সেখানকার ফায়ার সার্ভিস ঘটনাস্থলে গিয়ে উদ্ধার অভিযান শুরু করে।

### চুল কাটতে গিয়ে বেঁচে গেছেন হাবিবুর

বাংলাদেশ দূতাবাসের লেবার উইং জানিয়েছে, তারা ঘটনাস্থল থেকে মোট ১৬টি মৃতদেহ উদ্ধার করেছে এবং সৌদি আরবের স্থানীয় সময় রাত ১১টায় উদ্ধার অভিযান শেষ হয়েছে। জানা গেছে, ওই কারখানায় মোট ১৭ জন বাংলাদেশি

কর্মী কাজ করতেন। এর মধ্যে হাবিবুর রহমান হাবিব নামে একজন মাত্র ব্যক্তি ঘটনার সময় বাইরে থাকায় দুর্ঘটনা থেকে বেঁচে গেছেন। মি. রহমানকে উদ্ধৃত করে দূতাবাসের লেবার উইং প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়কে জানিয়েছে, ”একজন জীবিত কর্মী হাবিবুর রহমান জানিয়েছেন, দুপুর দেড়টার দিকে তিনি চুল কাটার জন্য সেলুনে গিয়েছিলেন। ফিরে এসে দেখেন কারখানায় আগুন জ্বলছে। ফলে ১৭ জন কর্মীর মধ্যে বাকী ১৬ জনই মারা গেছেন।„ মি. রহমান পরে বিবিসি বাংলাকেও একই কথা বলেছেন। তিনি বিবিসিকে জানিয়েছেন, তারা নিজেরাই ওই কারখানাটির মালিক ও শ্রমিক ছিলেন, অর্থাৎ আসবাব বানিয়ে নিজেরাই বিক্রি করতেন। স্থানীয় ফায়ার সার্ভিস সূত্র দূতাবাসকে জানিয়েছে, নিহতদের মধ্যে আটজন সরাসরি আগুনে পুড়ে মারা গেছেন। বাকীরা কালো ধোঁয়ায় নিশ্বাস বন্ধ হয়ে মারা যান। যে ১৬ জন মারা গেছেন তারা হলেন- ফরিদ, শুভ, মো. রুবেল প্রামাণিক, সুমন, মো. কলিম উদ্দিন, মো. মোহন, মো. সুমন, মিনহাজ, হৃদয়, শাহিন, আব্দুল জলিল, মজিদুল, সাগর, শামিম, সাব্বির ও শ্যামল। এর মধ্যে সাব্বির ও শামিম নাটোরের নলডাঙ্গা উপজেলার, আর শ্যামল রাজশাহীর বাগমারা উপজেলার বাসিন্দা ছিলেন।

এদিকে, সৌদি আরবে অগ্নিকাণ্ডে নওগাঁ, নাটোর এবং রাজশাহীর ১৬ জন প্রবাসী বাংলাদেশি শ্রমিকের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরী। এক শোক বার্তায় মন্ত্রী জানান, সৌদি আরবে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে দুর্ঘটনাস্থল ও স্থানীয় কর্তৃপক্ষের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখা হচ্ছে। নিহত প্রবাসীদের মরদেহ দ্রুত দেশে ফিরিয়ে আনা এবং তাদের পরিবারের জন্য প্রয়োজনীয় সব ধরনের সরকারি সহায়তা ও ক্ষতিপূরণ নিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ দেওয়া হয়েছে বলেও ওই বার্তায় জানিয়েছেন তিনি। ওদিকে, পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, নিহতদের পরিচয় শনাক্তকরণ এবং মরদেহের আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে বাংলাদেশ দূতাবাস সংশ্লিষ্ট সৌদি কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয় করে কাজ করছে। রিয়াদে বাংলাদেশ দূতাবাসের ফেসবুক পাতায় বলা হয়েছে, ”ঘটনার খবর পাওয়া মাত্রই রিয়াদস্থ বাংলাদেশ দূতাবাসের একটি প্রতিনিধি দল দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় এবং বিস্তারিত তথ্য সংগ্রহের কাজ শুরু করে।„ নিহতদের পরিচয় নিশ্চিতকরণ, আইনি প্রক্রিয়া সম্পন্নকরণ এবং সরকারের উচ্চ পর্যায়ের নির্দেশনায় ক্ষতিগ্রস্তদের সার্বিক সহায়তায় দূতাবাস প্রয়োজনীয় সব ধরনের পদক্ষেপ গ্রহণ করছে। ফেসবুকে এক বিবৃতিতে পররাষ্ট্র মন্ত্রণালয় সার্বক্ষণিকভাবে উদ্ভূত পরিস্থিতি পর্যবেক্ষণ ও সে অনুযায়ী সহায়তার কথা জানিয়েছে। প্রসঙ্গত, বাংলাদেশের সবচেয়ে বড়ো শ্রম বাজার সৌদি আরব। বাংলাদেশের জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর তথ্য অনুযায়ী, ২০২৫ সালে বাংলাদেশ থেকে মোট ১১ লাখেরও বেশি মানুষ কর্মসংস্থানের জন্য বিদেশ গিয়েছেন। যার মধ্যে দুই-তৃতীয়াংশেরও বেশি মানুষই সৌদি আরবে গেছেন। (বিবিসি ওয়েব পেজ : ০৯.০৮.২০২৬ নারগীস)

## বাংলাদেশের রাষ্ট্রপতি কী করতে পারেন আর কী পারেন না?

কে হচ্ছেন বাংলাদেশের পরবর্তী রাষ্ট্রপতি- এ নিয়ে নানা আলোচনা চলছে। রাষ্ট্রপতির সাংবিধানিক দায়িত্ব এবং এই পদের ক্ষমতা নিয়েও চলছে বিশ্লেষণ। বাংলাদেশের রাষ্ট্রীয় কাঠামোতে রাষ্ট্রপতিকে কী দায়িত্ব পালন করতে হয়? সংবিধান কী বলছে, বাস্তবে কী ঘটছে- এমন নানা প্রশ্নের উত্তর জানার চেষ্টা করছেন অনেকেই। পরবর্তী রাষ্ট্রপতি ইস্যুতে সিদ্ধান্ত নিতে দলীয় সর্বোচ্চ ফোরাম অর্থাৎ স্থায়ী কমিটির বৈঠকও করেছে বাংলাদেশের বর্তমান ক্ষমতাসীন দল বিএনপি। অথচ সংবিধানে রাষ্ট্রপতি পদটির ভূমিকা অনেকটাই 'আলংকারিক'। কেবল প্রধানমন্ত্রী ও প্রধান বিচারপতি নিয়োগ ও শপথ পড়ানো ছাড়া এই পদাধিকারী স্বাধীনভাবে আর তেমন কোনো কাজই করতে পারেন না। তারপরও এই পদে কাকে দেওয়া হচ্ছে, এ নিয়ে এত আলোচনা আর চিন্তাভাবনা কেন? বিশ্লেষকরা বলছেন, বাংলাদেশে রাষ্ট্রপতির ক্ষমতা নেই, আবার অনেক ক্ষমতা। রাষ্ট্রের সর্বোচ্চ পদাধিকারী হিসেবে আপদকালীন পরিস্থিতিতে রাষ্ট্রপতিই হয়ে উঠতে পারেন ক্ষমতার মূল উৎস। এমনকি বাংলাদেশের ইতিহাসে রাষ্ট্রপতি পদের ক্ষমতা এবং সেই ধারা পরিবর্তনের ঐতিহাসিক পর্বগুলো নিয়েও নানা আলোচনা চলছে। বর্তমানে সংসদীয় সরকার ব্যবস্থায় রাষ্ট্রপতি পদকে অনেকটা আলংকারিক হিসেবে বর্ণনা করা হলেও একসময় এই পদাধিকারীরাই ছিলেন সর্বময় ক্ষমতার অধিকারী। এছাড়া সংসদীয় সরকার ব্যবস্থা প্রবর্তনের পরও রাষ্ট্রপতি ইস্যুতে ক্ষমতার দ্বন্দ্ব কিংবা পদত্যাগের মতো নজিরও রয়েছে বাংলাদেশের ইতিহাসে।

### সংবিধানে রাষ্ট্রপতির ক্ষমতা

১৯৯১ সালে দ্বাদশ সংশোধনীর পর থেকেই বাংলাদেশে সংসদীয় সরকার ব্যবস্থা চলমান রয়েছে। যেখানে রাষ্ট্রের নির্বাহী ক্ষমতা থাকে প্রধানমন্ত্রী ও মন্ত্রিসভার হাতে এবং রাষ্ট্রপতি হন রাষ্ট্রের প্রধান। সংবিধানের ৪৮(৩) অনুচ্ছেদে স্পষ্ট করে বলা আছে যে, রাষ্ট্রপতি কেবল প্রধানমন্ত্রী নিয়োগ এবং প্রধান বিচারপতি নিয়োগ- এই দুটি কাজ সম্পূর্ণ স্বাধীনভাবে করতে পারেন। বাকি সব দায়িত্ব পালনের ক্ষেত্রে প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ীই তাকে কাজ করতে হয়, যা সংবিধানের ৫৬(৩) অনুচ্ছেদে উল্লেখ করা হয়েছে। অর্থাৎ সংসদ আহ্বান করা, স্থগিত করা ও ভেঙে দেওয়া, সংসদে পাস হওয়া বিলে সম্মতি দেওয়া, জরুরি অবস্থা ঘোষণা এবং রাষ্ট্রদূত নিয়োগ, যুদ্ধ ঘোষণা, শান্তি চুক্তি অনুমোদন, ক্ষমা প্রদর্শনসহ সব বিষয়ে প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ীই কাজ করবেন রাষ্ট্রপতি। যদিও প্রধানমন্ত্রী

আসলেই রাষ্ট্রপতিকে পরামর্শ দিয়েছেন কিনা, তা নিয়ে কোনো আদালত প্রশ্ন তুলতে পারবে না বলেও সংবিধানে উল্লেখ আছে। অর্থাৎ দুটি ক্ষেত্র ছাড়া বাংলাদেশের রাষ্ট্রপতির সাংবিধানিক ক্ষমতা মূলত আনুষ্ঠানিক। প্রধানমন্ত্রী ও মন্ত্রিসভার পরামর্শ অনুযায়ীই তাকে কাজ করতে হয়। প্রধানমন্ত্রী নিয়োগের ক্ষেত্রেও মূলত সংসদে সংখ্যাগরিষ্ঠ দলের প্রধান বা তাদের পছন্দ অনুযায়ী ব্যক্তিকে রাষ্ট্রপতি নিয়োগ দিয়ে থাকেন। সুপ্রিম কোর্টের আইনজীবী অ্যাডভোকেট মনজিল মোরসেদ বলছেন, ”সংবিধান অনুযায়ী বাংলাদেশের রাষ্ট্রপতির তেমন কোনো ক্ষমতা নাই।„

এক্ষেত্রে, সদ্য সাবেক রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন এবং ১৯৯১ সালে বিএনপি সরকারের আমলে রাষ্ট্রপতি পদে দায়িত্ব পালন করা আব্দুর রহমান বিশ্বাসের উদাহরণ টানেন তিনি। মি. মোরসেদ বলছেন, ”উনি (মো. সাহাবুদ্দিন) মনেপ্রাণে আওয়ামী লীগের লোক। কিন্তু ৫ আগস্টের পর উনি শেখ হাসিনাকে স্বৈরাচার বলেছেন। কিন্তু উনি কি জরুরি অবস্থা দিয়েছেন? দেননি। কারণ রাষ্ট্র ক্ষমতায় যারা থাকেন, তাদের কথার বাইরে রাষ্ট্রপতির কিছু করার সুযোগ নেই।„ একইভাবে ১৯৯১ থেকে ১৯৯৬ সাল পর্যন্ত বিএনপির শাসনামলে রাষ্ট্রপতির দায়িত্বে থাকা আব্দুর রহমান বিশ্বাসের কথাও বলছেন মি. মোরসেদ। ”বিএনপি সরকারের পতনের পর আওয়ামী লীগ ক্ষমতায় এলো। তিনি (আব্দুর রহমান বিশ্বাস) চাইলে সংসদ ভেঙে দিতে পারতেন, কিন্তু দেননি। কারণ সংসদে সংখ্যাগরিষ্ঠ দলের ইচ্ছাই চূড়ান্ত„ বিবিসি বাংলাকে বলেন মনজিল মোরসেদ। অথচ রাষ্ট্রপতি পদটি নিরপেক্ষ থাকার কথা ছিল বলেই মনে করেন বিশ্লেষকরা। তারা বলছেন, বাংলাদেশের রাজনৈতিক দলগুলো সংসদীয় গণতন্ত্রে সর্বময় ক্ষমতা সবসময় নিজেদের হাতেই রাখতে চেয়েছে। ”আইন অনুযায়ী বাংলাদেশের সর্বোচ্চ নিরপেক্ষ প্রতিষ্ঠান হচ্ছে রাষ্ট্রপতি, যদি তিনি কাজ করতে পারেন। কিন্তু রাজনৈতিকভাবে তা করতে দেওয়া হয় না। দলগুলোই রাষ্ট্রপতিকে পদে বসায়, তাই তিনি স্বাধীন নন,„ বিবিসি বাংলাকে বলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক সাব্বির আহমেদ।

**বিশেষ পরিস্থিতিতে ক্ষমতাবান**

সংসদীয় গণতন্ত্রে রাষ্ট্রপতির ক্ষমতা একটি নির্দিষ্ট নিয়ম ও সীমার মধ্যেই আবদ্ধ। কিন্তু রাষ্ট্রের বিশেষ পরিস্থিতিতে এই পদের ক্ষমতা ভিন্ন হয়ে উঠতে পারে। যার উদাহরণ বেশ কয়েকবার বাংলাদেশে দেখা গেছে। এছাড়া রাষ্ট্রপতি পদে সংবিধান যে ক্ষমতা কাগজে-কলমে দিয়েছে, সেটা প্রয়োগের ক্ষেত্রে নেপথ্যে কোনো একটি শক্তি, আন্তর্জাতিক চাপ বা সমর্থন যদি থাকে, তাহলে রাষ্ট্রপতি অনেক সময় বড়ো ভূমিকা রাখতে পারেন। অ্যাডভোকেট মনজিল মোরসেদ বলছেন, ”ক্ষমতার আড়ালে থাকা খেলোয়াড়রা রাষ্ট্রপতিকে দিয়ে যদি কিছু করাতে চান, তাহলে ওনার অনেক ক্ষমতা। উনি সেনা সমর্থিত সরকার আনতে পারেন, জরুরি অবস্থা জারি করতে পারেন, সংসদ ভেঙে দিতে পারেন।„ সংবিধানই রাষ্ট্রপতি পদকে বিশেষ সুরক্ষা দিয়েছে। অর্থাৎ রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব পালনের জন্য তাকে যেমন কোনো আদালতে জবাবদিহি করতে হবে না, তেমনি তার বিরুদ্ধে ফৌজদারি মামলা বা গ্রেপ্তারি পরোয়ানাও জারি করা যাবে না। ”সব বিধি-নিষেধের উর্ধ্বে ওঠার ক্ষমতা একমাত্র রাষ্ট্রপতিরই আছে। তার যে-কোনো উদ্যোগকে চ্যালেঞ্জ জানাতে পারে না কেউ,„ বিবিসি বাংলাকে বলেন অধ্যাপক সাব্বির আহমেদ। বিশ্লেষকরা বলছেন, রাষ্ট্রপতি পদের অনেক ক্ষমতা, কিন্তু বিশেষ পরিস্থিতিতে ক্ষমতার ভারসাম্য কোথায় আছে তার ওপরই নির্ভর করে রাষ্ট্রপতির ক্ষমতা প্রয়োগ করা না করার বিষয়টি। তার নামেই সবকিছু করা হলেও অনেক সময় আসলে সিদ্ধান্ত আসে ভিন্ন কোন জায়গা থেকে। এক্ষেত্রে ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতন পরবর্তী সময়ের কথা বলছেন বিশ্লেষকরা। তাদের মতে, ওই সময় সংবিধান অনুযায়ী রাষ্ট্রপতি চাইলে তত্ত্বাবধায়ক সরকার গঠন করে তিন মাসের মধ্যে নির্বাচন দিতে পারতেন, কিন্তু তা হয়নি। কারণ বাস্তব ক্ষমতার ভারসাম্য ছিল অন্য জায়গায়। ”৫ আগস্ট থেকে অন্তর্বর্তীকালীন সরকার গঠনের আগ পর্যন্ত তিনদিনে রাষ্ট্রপতি যেসব পদক্ষেপ নিয়েছেন মূলত রাষ্ট্রপতিকে দিয়ে যেটা করানো হয়েছে, সেটিই তিনি করেছেন,„ বিবিসি বাংলাকে বলেন মি. মোরসেদ। তবে বাংলাদেশের ইতিহাসে বেশ কয়েকটি সংকটময় মুহূর্তে রাষ্ট্রপতিকে একক বা স্বাধীনভাবে ক্ষমতার প্রয়োগও করতে দেখা গেছে।

**ব্যক্তির ওপরও ক্ষমতা নির্ভর করে**

বাংলাদেশে সংসদীয় পদ্ধতি চালু হওয়ার পরও নানা কারণে কয়েকবার আলোচনার কেন্দ্রে এসেছে রাষ্ট্রপতি পদটি। অনেক সময় রাষ্ট্রপতিকে গুরুত্বপূর্ণ বা জোরালো ভূমিকায় দেখা গেছে। আবার তৎকালীন সরকার প্রধানের সাথে রাষ্ট্রপতির দ্বন্দ্ব বা মতভিন্নতার মতো ঘটনাও ঘটেছে। ১৯৯৬ সালে বিচারপতি হাবিবুর রহমানের তত্ত্বাবধায়ক সরকারের সময় দুইজন ঊর্ধ্বতন সেনা কর্মকর্তাকে বাধ্যতামূলক অবসরে পাঠানোকে ঘিরে তৎকালীন সেনাপ্রধান লেফটেন্যান্ট জেনারেল আবু সালেহ মোহাম্মদ নাসিমের সাথে দ্বন্দ্ব শুরু হয় বিএনপির স্পিকার পদ থেকে রাষ্ট্রপতি হওয়া আবদুর রহমান বিশ্বাসের। এর পরিপ্রেক্ষিতে ঢাকায় সৈন্যদের মার্চ করার নির্দেশ দিয়েছিলেন লে. জেনারেল নাসিম। অন্যদিকে তৎকালীন রাষ্ট্রপতির অনুগত সেনা কর্মকর্তাদের একটি অংশ সেই চেষ্টা ঠেকাতে নিজেদের সৈন্য সমাবেশ করতে শুরু করেন। ওইদিন বাংলাদেশে একটি সেনা অভ্যুত্থানের মতো পরিস্থিতি তৈরি হয়েছিল। পরে সেনাপ্রধানের ওই চেষ্টা ঠেকিয়ে দেওয়া হয়। তখন সেনাপ্রধানকে অব্যাহতি দিয়ে আটক করা হয়েছিল। ১৯৯৬ সালে সরকারে আসার পর দলের বাইরের ব্যক্তি সাবেক বিচারপতি সাহাবুদ্দীন আহমদকে রাষ্ট্রপতি নির্বাচিত করেছিল আওয়ামী লীগ। তবে তিনি

রাষ্ট্রপতি হওয়ার পর 'জননিরাপত্তা আইন' নামের একটি বিতর্কিত আইন প্রণয়নের ক্ষেত্রে স্বাক্ষর করতে অস্বীকৃতি জানান। সেকারণে তাঁর সাথে তৎকালীন সরকার এবং আওয়ামী লীগের তিক্ততা তৈরি হয়েছিল। ২০০১ সালে নির্বাচনে পরাজিত হওয়ার পর আওয়ামী লীগ নেত্রী শেখ হাসিনা রাষ্ট্রপতি সাহাবুদ্দিনের বিরুদ্ধে 'বিশ্বাসঘাতকতার' অভিযোগ এনেছিলেন। সংসদীয় পদ্ধতিতে সরকার ব্যবস্থায় রাষ্ট্রপতি অতি সীমিত ক্ষমতার অধিকারী হলেও রাষ্ট্রপতি হিসেবে তাঁর পাঁচ বছরের মেয়াদে সাহাবুদ্দীন আহমদ তার নিরপেক্ষ ভূমিকার জন্য প্রশংসিত ছিলেন।

২০০২ সালে বিএনপি সরকারের সময় রাষ্ট্রপতির দায়িত্ব পালন করা এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরীর প্রসঙ্গও আনছেন বিশ্লেষকরা। বিএনপি থেকে রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ার সাত মাসের মধ্যে পদত্যাগ করতে হয়েছিল বদরুদ্দোজা চৌধুরীকে। সেই সময় তার বিরুদ্ধে বিএনপির দুটি ক্ষোভ ছিল। একটি হলো রাষ্ট্রপতি বদরুদ্দোজা চৌধুরী কর্তৃক বিএনপির প্রতিষ্ঠাতা, প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমানের মৃত্যুবার্ষিকীতে তার কবরে শ্রদ্ধা নিবেদন করতে না যাওয়া, আর দ্বিতীয়ত জিয়াউর রহমানকে স্বাধীনতার ঘোষক হিসেবে উল্লেখ না করা। ফলে নিজেদের নির্বাচিত রাষ্ট্রপতিকেই পদত্যাগ করতে বলেছিল ওই সময়ের সরকার। এমনকি প্রথমবারের মতো রাষ্ট্রপতি অভিশংসনের আলোচনাও উঠেছিল তখন। পরে অবশ্য বদরুদ্দোজা চৌধুরী নিজেই পদত্যাগ করায় আর অভিশংসনের প্রয়োজন হয়নি। ২০০৬ সালে তত্ত্বাবধায়ক সরকারের প্রধান ইস্যুতে রাজনৈতিক দলগুলোর মধ্যে তীব্র বিরোধের মধ্যে তৎকালীন রাষ্ট্রপতি ইয়াজউদ্দিন আহম্মেদ নিজেই তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টার দায়িত্ব গ্রহণ করেছিলেন। পরের কয়েকমাস তিনি সরকার পরিচালনা করে নির্বাচন আয়োজনের ব্যবস্থাও করেছিলেন। অ্যাডভোকেট মনজিল মোরসেদ বলছেন, এটি রাষ্ট্রপতির ক্ষমতার সবচেয়ে বড়ো প্রয়োগ। "ওই সময় তার অধীনেও নির্বাচন হতে পারতো। পরে তত্ত্বাবধায়ক সরকার গঠন করতে হয়েছে, যে সরকার দুই বছর ক্ষমতায় ছিল„ বিবিসি বাংলাকে বলেন তিনি। যদিও পরবর্তীতে সেনাবাহিনীর হস্তক্ষেপে তাকে সরকার প্রধানের দায়িত্ব থেকে সরে দাঁড়াতে হয়। কিন্তু তার নামেই তখন জরুরি অবস্থা জারি করা হয়েছিল। এরপরের দুই বছর ফখরুদ্দীন আহমদের তত্ত্বাবধায়ক সরকারের সময় তিনি রাষ্ট্রপতি হিসেবে থাকলেও তাকে বড়ো কোনো ভূমিকায় দেওয়া যায়নি। এক্ষেত্রে রাষ্ট্রপতির ক্ষমতা ব্যবহার এবং নিরপেক্ষতার পুরো বিষয়টি- কে রাষ্ট্রপতি হচ্ছেন এবং তার ব্যক্তিত্বের ধরণ কেমন, এই বিষয়গুলোর ওপরও নির্ভর করে বলেই মনে করেন অধ্যাপক সাব্বির আহমদ। তিনি বলছেন, "একসময় শেখ মুজিবর রহমানের সঙ্গে বিচারপতি আবু সাইদ চৌধুরীর মনোমালিন্য হয়েছিল এবং তার ফলশ্রুতিতে তিনি কিন্তু রাষ্ট্রপতির পদ ছেড়ে দিয়েছিলেন।„ বিশ্লেষকদের অনেকেই মনে করেন, বাংলাদেশের সরকার ব্যবস্থায় দলীয় আধিপত্যের কারণে রাষ্ট্রপতিকে তার ক্ষমতা অনুযায়ী কাজ করতে দেওয়া হয় না। ফলে রাজনৈতিকভাবে না চাইলে সর্বজন গ্রহণযোগ্য রাষ্ট্রপতি পাওয়া সম্ভব নয়, কারণ সবগুলো দলই তাদের পছন্দের ব্যক্তিকে রাষ্ট্রপতির পদে বসাতে চায়।

**একসময় রাষ্ট্রপতিই ছিলেন সর্বেসর্বা**

বাংলাদেশের ইতিহাসে রাষ্ট্রপতি পদ সবসময় দুর্বল ছিল না। শাসনব্যবস্থার ধরন অনুযায়ী এই পদের ক্ষমতায় বড়ো তারতম্য ঘটেছে। স্বাধীন বাংলাদেশে প্রথম সরকারের মূল ক্ষমতা ছিল রাষ্ট্রপতির হাতেই। "যখন মুজিবনগর সরকার হয়, স্বাধীনতার ঘোষণাপত্রই ছিল অস্থায়ী সংবিধান- সেখানে রাষ্ট্রপতি শাসিত সরকার ব্যবস্থা ছিল। পরবর্তীতে **১৯৭২** সালের **১১** জানুয়ারি সংসদীয় ব্যবস্থায় আনা হয়„ বিবিসি বাংলাকে বলেন লেখক ও গবেষক মহিউদ্দিন আহমদ। এরপর কয়েক বছর সংসদীয় ব্যবস্থা চললেও **১৯৭৫** সালের **২৪** জানুয়ারি চতুর্থ সংশোধনীর মাধ্যমে আবারও রাষ্ট্রপতি শাসিত সরকার ব্যবস্থায় ফেরে বাংলাদেশ, আবারও রাষ্ট্রপতি হন শেখ মুজিবুর রহমান। "এরপর থেকে দীর্ঘদিন একদলীয় শাসনব্যবস্থায় চলেছে এবং সেটার উত্তরাধিকারী বহন করেছেন জিয়াউর রহমান এবং জেনারেল এরশাদ। এরপর একাদশ ও দ্বাদশ সংশোধনীর মধ্য দিয়ে **১৯৯১** সালে আবারও আমরা সংসদীয় ব্যবস্থায় ফিরলাম,„ বলেন মি. আহমদ। রাষ্ট্রপতি শাসিত সরকার ব্যবস্থায় **১৯৭৫** থেকে **১৯৯০** সাল পর্যন্ত বাংলাদেশ রাষ্ট্রের নির্বাহী ক্ষমতা সরাসরি রাষ্ট্রপতির হাতেই কেন্দ্রীভূত ছিল। **১৯৯০**-এর গণ-আন্দোলনে জেনারেলএরশাদের শাসনের পতনের পর নির্বাচনের মাধ্যমে গঠিত সংসদে সংবিধানে দ্বাদশ সংশোধনী এনে আবারও সংসদীয় পদ্ধতি ফিরিয়ে আনা হয় এবং রাষ্ট্রপতির ক্ষমতা সংকুচিত হয়। এরপর থেকেই সংসদের সংখ্যাগরিষ্ঠ দল তাদের সমর্থিত বা অনুগত ব্যক্তিকেই এই আসনে বসিয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ০৯.০৮.২০২৬ নারগীস)

## এবার এসএসসি বা সমমানের পরীক্ষার খাতা পুনঃপরীক্ষার সুযোগ পাবেন শিক্ষার্থীরা :শিক্ষামন্ত্রী

বাংলাদেশে এবার এসএসসি বা সমমানের পরীক্ষার খাতা বা উত্তরপত্র শিক্ষার্থীরা পুনঃপরীক্ষা বা পুনর্মূল্যায়নের সুযোগ পাবেন বলে জানিয়েছেন বাংলাদেশের শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। সোমবার এসএসসি ও সমমানের পরীক্ষার ফল ঘোষণার পরে শিক্ষা মন্ত্রণালয়ে এক সংবাদ সম্মেলনে এ কথা জানান তিনি। শিক্ষামন্ত্রী বলেন, "আগে পদ্ধতি ছিল যদি কোনো শিক্ষার্থী রি-এক্সামিন করতো, তাহলে শুধু টেবুলেশন শিটটা দেখা হতো। সত্যিকার অর্থে ওই শিক্ষার্থীর খাতা পাল্টে গিয়েছে কিনা এবং শিক্ষক যথাযথ নাম্বার দিয়েছে কিনা- এই পুনঃপরীক্ষা করার ব্যবস্থা ছিল না। এবার আমরা আইনগতভাবে পরিবর্তন এনে সেই ব্যবস্থাটি রেখেছি, প্রত্যেকটি শিক্ষার্থীকে তার খাতা পুনঃপরীক্ষা

করার সুযোগ দেওয়া হয়েছে, সেই ক্ষেত্রে কোনো মানবিক বিষয় নেই।„ ”এক্সাক্টলি আবার রিভিউ করা হবে ইনফ্রন্ট অফ এ কমিটি। যদি কেউ কাউকে ভুলভাবে মার্কিং করে থাকে বা যা তার প্রাপ্য, সেটা না দিয়ে থাকে, রিভিউ কমিটির সামনে সেই খাতা পুনঃপরীক্ষা করা হবে। এক্সাক্টলি প্রত্যেকটি ছাত্র-ছাত্রীর যার যা প্রাপ্য, তাকে তা দিতে হবে,„ বলেন শিক্ষামন্ত্রী এহছানুল হক মিলন। এবার সারাদেশে এসএসসি ও সমমানের পরীক্ষায় সব বোর্ডের পাশের হার ৬২ দশমিক ২৫ শতাংশ। এই বছর পাশের হার কমেছে তিন দশমিক ৯৯ শতাংশ। ২০২৬ সালে জিপিএ ফাইভ পেয়েছেন এক লাখ ছয় হাজার নয় শিক্ষার্থী। এই বছর সাধারণ শিক্ষা বোর্ডে উত্তীর্ণ মোট ছাত্রের চেয়ে এক লাখ সাত হাজার ৯৮২ জন বেশি ছাত্রী উত্তীর্ণ হয়েছে। দেশের ১১টি শিক্ষা বোর্ডের ৩১২টি শিক্ষা প্রতিষ্ঠানের কোনো শিক্ষার্থীই পাশ করতে পারেনি। শূন্য পাশের শিক্ষা প্রতিষ্ঠান এবার বেড়ে দাঁড়িয়েছে ১৭৮টিতে। শূন্য পাশের হার এমন শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী।
(বিবিসি ওয়েব পেজ : ০৯.০৮.২০২৬ আলী আহমেদ)

## ৭১-এর মানবতাবিরোধী অপরাধে মৃত্যুদণ্ডপ্রাপ্ত আবুল কালাম আযাদের খালাস চেয়ে আপিল আবেদন

একাত্তরের মানবতাবিরোধী অপরাধের মামলায় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের রায়ে মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি জামায়াতে ইসলামীর সাবেক নেতা আবুল কালাম আযাদের খালাস চেয়ে করা আপিল আবেদনের শুনানি আগামী ১৭ আগস্ট পর্যন্ত মুলতবি করেছে আপিল বিভাগ। সোমবার আপিল বিভাগের বিচারপতি মো. রেজাউল হকসহ তিন বিচারপতির বেঞ্চ এ আদেশ দেন। চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম সময় আবেদন করলে আপিল বিভাগ পরবর্তী শুনানির জন্য ওইদিন নির্ধারণ করেন। আবুল কালাম আযাদের আইনজীবী এহসান এ সিদ্দিক বিবিসি বাংলাকে জানান, ”আপিল আবেদনের সাথে বিলম্ব মার্জনা এবং আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ট্রাইব্যুনালের দেওয়া সাজা স্থগিত চাওয়া হয়েছে। জুলাই মাসে আপিল আবেদনটি করা হয়েছে।„ আইন অনুযায়ী, রায় প্রকাশের একমাসের মধ্যে ট্রাইব্যুনালের রায়ের বিরুদ্ধে আপিল করার বিধান রয়েছে। সেই সময় শেষ হয়ে যাওয়ার পর বিলম্ব মার্জনার আবেদন করে এই আপিল আবেদনটি করা হয়েছে। ২০১৩ সালের ২১ জানুয়ারি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল মুক্তিযুদ্ধের সময় ফরিদপুরের বিভিন্ন স্থানে করা মানবতাবিরোধী অপরাধের অভিযোগ প্রমাণিত হলে তাকে মৃত্যুদণ্ড দেন। সেসময় পলাতক ছিলেন তিনি। এই রায়টিই ছিল বাংলাদেশের মুক্তিযুদ্ধে মানবতাবিরোধী অপরাধ মামলার প্রথম রায়। শেখ হাসিনার সরকারের পতনের পর রায়ের ১৩ বছর পর এই বছরের ২১ জানুয়ারি আবুল কালাম আযাদ ট্রাইব্যুনালে আত্মসমর্পণ করেন। পরে জানা গেছে, আত্মসমর্পণের শর্তে নির্বাহী আদেশে তার সাজা স্থগিত করেছিলেন তখনকার রাষ্ট্রপতি। পরে তিনি আত্মসমর্পণ করলে আপিলের জন্য তাকে নথিপত্র সরবরাহ করার নির্দেশ দেয় ট্রাইব্যুনাল। মি. আযাদ বাংলাদেশের বিভিন্ন বেসরকারি টেলিভিশনে ইসলাম বিষয়ক অনুষ্ঠানের জন্য পরিচিত ছিলেন।
(বিবিসি ওয়েব পেজ : ০৯.০৮.২০২৬ আলী আহমেদ)

## সাবেক রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনসহ ৩৮ জনের বিরুদ্ধে দুদকে অভিযোগ ইসলামী ব্যাংকের

পাঁচশো কোটি টাকা আত্মসাতের অভিযোগে সাবেক রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনসহ ৩৮ জনের বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনে অভিযোগ করেছে ইসলামী ব্যাংক। সাবেক এই রাষ্ট্রপতি ইসলামী ব্যাংকের ভাইস চেয়ারম্যান থাকাকালে এই জালিয়াতির ঘটনা ঘটে বলে অভিযোগ করেছে কর্তৃপক্ষ। দুদকে অভিযোগটি দাখিল করে এই বিষয়ে অনুসন্ধানের জন্য অনুরোধ জানিয়েছে ইসলামী ব্যাংক। সাবেক রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের পদত্যাগের পর সম্প্রতি ব্যাংকের ফরেন এক্সচেঞ্জ কর্পোরেট শাখার অ্যাসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট মোহাম্মদ ইয়াসীন আলী ব্যাংকের পক্ষে এই অভিযোগ জমা দেন। অভিযোগে বলা হয়, ২০১৭ সালে এস আলম গ্রুপ ব্যাংকটির নিয়ন্ত্রণ নেওয়ার পর `সুপ্রভ কম্পোজিট নিট লিমিটেড, নামের একটি দুর্বল প্রতিষ্ঠানের ঋণ সীমা জালিয়াতির মাধ্যমে একশো কোটি থেকে বাড়িয়ে পাঁচশো কোটি টাকা করা হয়েছে। পরবর্তীতে সেই অর্থ উত্তোলন করে আত্মসাৎ করা হয়। অভিযোগে আরো বলা হয়, অ্যাননটেক্স গ্রুপের ইউনুস বাদলের সহযোগী প্রতিষ্ঠান সুপ্রভ কম্পোজিট নিট লিমিটেডের অনুকূলে অবৈধভাবে ঋণ বরাদ্দ পাইয়ে দিতে ভূমিকা রাখেন ব্যবসায়ী এস আলম। আর তৎকালীন পরিচালনা পর্ষদের সদস্য হিসেবে মো. সাহাবুদ্দিন, ব্যাংকের সাবেক তিন ব্যবস্থাপনা পরিচালক মনিরুল মাওলা, আব্দুল হামিদ মিয়া ও মাহবুব উল আলমসহ সংশ্লিষ্ট ব্যক্তিরা এই অনৈতিক কাজের অনুমোদন দিয়ে আর্থিকভাবে লাভবান হয়েছেন। চারটি অডিট ফার্মের মাধ্যমে ঘটনার তদন্ত করে এসব অসঙ্গতি খুঁজে পেয়েছে বলেও অভিযোগে উল্লেখ করেছে ইসলামী ব্যাংক কর্তৃপক্ষ।
(বিবিসি ওয়েব পেজ : ০৯.০৮.২০২৬ আলী আহমেদ)

## তল্লাশির সময় গাড়ি ফেলে চালক পালানোর পর প্রায় পৌনে চার কোটি টাকা মূল্যের স্বর্ণ উদ্ধার

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর এলাকার বাইরে গোলচত্বরে একটি গাড়ি থেকে ১৪টি স্বর্ণের বার ও ১২টি স্বর্ণের পাত উদ্ধার করেছে কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর। উদ্ধারকৃত স্বর্ণের আনুমানিক বাজারমূল্য তিন কোটি ৭২ লাখ ৭২ হাজার টাকারও বেশি বলে জানিয়েছে সরকারের এই সংস্থাটি। সোমবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে জাতীয় রাজস্ব বোর্ড। এতে বলা হয়েছে, গোপন সংবাদের ভিত্তিতে বিমান বন্দরের বাইরে গোল চত্বরে

তল্লাশির জন্য একটি গাড়িকে থামার নির্দেশ দিলে সেটির চালক মো. শামীম মিয়া গাড়ি ফেলে পালিয়ে যান। পরে গোয়েন্দা কর্মকর্তারা গাড়িটিতে তল্লাশি চালিয়ে ১৪টি স্বর্ণের বার এবং ১২টি স্বর্ণের পাত পায় ওই গাড়িতে। এছাড়াও একটি আইফোনসহ তিনটি মোবাইল, একটি ল্যাপটপ, নগদ টাকাসহ অন্যান্য অনেক জিনিস জব্দ করে গোয়েন্দা কর্মকর্তারা। পরে ঢাকা কাস্টম হাউসের স্বর্ণের এই বার ও পাতগুলো পরীক্ষা করা হয়। ওই পরীক্ষার পর উদ্ধারকৃত এক হাজার ৮১২ গ্রাম (১৫৫ দশমিক ৩৫ ভরি) স্বর্ণ ২৪ ক্যারেটের বলে নিশ্চিত হওয়া গেছে। এই ঘটনায় জড়িত পলাতক চালক ও সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে বিমানবন্দর থানায় মামলা দায়েরের কার্যক্রম চলমান রয়েছে বলে সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে এনবিআর।(বিবিসি ওয়েব পেজ : ০৯.০৮.২০২৬ আলী আহমেদ)

## আসামের বন্যায় মৃতের সংখ্যা ১০০ ছাড়িয়েছে

ভারতের আসামের বিস্তীর্ণ অংশ এখনো বন্যার কবলে রয়েছে। একদিকে যেমন মৃতের সংখ্যা বেড়েছে, তেমনই কোনো কোনো এলাকায় অবস্থার অবনতি হয়েছে। ডিজাস্টার রিপোর্টিং অ্যান্ড ইনফর্মেশন ম্যানেজমেন্ট সিস্টেম-এর সর্বশেষ তথ্য অনুযায়ী, আসামের বন্যা কবলিত অঞ্চলে এখনো পর্যন্ত ১০১ জনের মৃত্যু হয়েছে। এদের মধ্যে ৬০ জন পুরুষ, ২৩ জন নারী এবং ১৮টি শিশু রয়েছেন। ওই প্রতিবেদন অনুযায়ী, মৃতের নিরিখে সবচেয়ে বিপর্যস্ত জেলার মধ্যে রয়েছে শিবসাগর, কাছাড়, করিমগঞ্জ, গোলাঘাট, ধেমাজি এবং নগাঁও। এদিকে, ধানসিঁড়ি নদীর জল নতুনভাবে বেশ কিছু এলাকা প্লাবিত করায় গোলাঘাটের পরিস্থিতি আরো উদ্বেগ বাড়িয়েছে। মারাঙ্গি মৌজার অন্তর্গত দুসুতিমুখ এলাকায় একাধিক বাড়ির উঠোনের উপর দিয়ে জল বয়ে যাচ্ছে। খুমতাই বিধানসভা কেন্দ্রের কয়েক হাজার পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে। জেলা প্রশাসনের তৈরি আশ্রয়কেন্দ্রে ঠাঁই নিতে বাধ্য হয়েছেন তারা। আবাসিক অঞ্চলে জল প্রবেশ অব্যাহত থাকায় আশপাশের গ্রামের বাসিন্দাদের উদ্বেগ বেড়েছে। নাজিরা, শিবসাগর, চরাইদেও, মঙ্গলদই এবং ধানসিঁড়ি নদীর তীরবর্তী অঞ্চলে জলস্তর বৃদ্ধি পেয়েছে। সেখানকার বিধায়ক মৃণাল সাইকিয়া বার্তা সংস্থা এএনআইকে জানিয়েছেন গত চার-পাঁচদিন ধরে আসামে বন্যা পরিস্থিতি ব্যাপক আকার ধারণ করেছে। কদমগুড়ি ও রংদই-সহ একাধিক অঞ্চলে বহু মানুষ বন্যার জলে আটকে পড়েছিলেন। তাদের উদ্ধারের কাজ চলছে। স্থানীয় স্কুল এবং অন্যান্য অবকাঠামোও ক্ষতিগ্রস্ত হয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ০৯.০৮.২০২৬ আলী আহমেদ)

## সবশেষ মামলায় সাবেক প্রধান বিচারপতি এ বি এম খায়রুল হকের জামিন

রাজধানীর বনানী থানার হত্যাচেষ্টা ও বিস্ফোরক দ্রব্য আইনের মামলায় সাবেক প্রধান বিচারপতি এ বি এম খায়রুল হককে অন্তর্বর্তীকালীন জামিন দিয়েছেন হাইকোর্ট। তার বিরুদ্ধে থাকা নয়টি মামলার মধ্যে সর্বশেষ মামলা এটি, যেটিতে সোমবার জামিন পেলেন মি. হক। বাকি আট মামলায় এর আগে জামিন পেয়েছেন সাবেক এই প্রধান বিচারপতি মি. হক। এর ফলে তার মুক্তিতে আইনগত বাধা নেই বলে জানিয়েছেন তার আইনজীবীদের একজন মোতাহের হোসেন সাজু। এই মামলায় হাইকোর্টে রুল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তাকে অন্তর্বর্তীকালীন সময়ের জন্য জামিন দিয়েছেন আদালত। মি. সাজু বলেন, ”নবম এই মামলাটাতে জামিন পেয়েছেন সাবেক প্রধান বিচারপতি। বাকিগুলোতে আগেই জামিন পেয়েছেন। আপিল বিভাগ এর মধ্যেই আদেশ দিয়েছে, তাকে সুনির্দিষ্ট অন্য কোনো মামলা ছাড়া যাতে গ্রেফতার না দেখানো হয়।„ উল্লেখ্য, গতবছরের ২৪ জুলাই সাবেক প্রধান বিচারপতি এ বি এম খায়রুল হককে যুবদলকর্মী আবদুল কাইয়ুম আহাদ হত্যা মামলায় গ্রেফতার দেখিয়ে কারাগারে পাঠানো হয়েছে। সেদিন সকালে ধানমন্ডির বাসা থেকে মি. হককে গ্রেফতার করে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ।
(বিবিসি ওয়েব পেজ : ০৯.০৮.২০২৬ আলী আহমেদ)

## মিল্কভিটার প্যাকেটজাত দুধের দাম প্রতি লিটারে ১০ টাকা বেড়েছে

সরকারি কোম্পানি মিল্কভিটা ব্রান্ডের পাস্তুরিত তরল দুধের দাম লিটারে ১০ টাকা বাড়ানো হয়েছে। গত ৫ আগস্ট থেকে ভোক্তা পর্যায়ে কার্যকর বর্ধিত এই দামের কারণে, বাজারে এক লিটার দুধের দাম ১০০ টাকা থেকে বেড়ে এখন ১১০ টাকা হয়েছে। এর কারণ কী জানতে চাইলে মিল্কভিটার সভাপতি এস এম আমীর হামজা শাতিল বিবিসি বাংলাকে বলেন, সার্বিকভাবে উৎপাদন ব্যয় বেড়ে যাওয়ায় বাড়তি এই মূল্য নির্ধারণ করা হয়েছে। বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড মিল্কভিটার দুধ উৎপাদন করে। দুধ ও দুধজাত পণ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করাই এই প্রতিষ্ঠানটির লক্ষ্য। মি. শাতিল বলেন, ”আমাদের লিটারে এক কেজি ৩০ গ্রাম থেকে ৫০ গ্রামের প্যাকেটজাত দুধের দাম ১০ টাকা বাড়ানো হয়েছে। কারণটা হচ্ছে, আমাদের উৎপাদন ব্যয় বেড়েছে। আমাদের সমিতির সবার থেকে প্রেশার ছিল যে, অব্যাহতভাবে গ্যাস, গো-খাদ্য, বিদ্যুৎসহ সর্বোপরি উৎপাদন কস্ট, এটা বেড়েছে।„ মিল্কভিটার সভাপতি মি. শাতিল জানান, সাম্প্রতিক যুক্তরাষ্ট্র, ইরান, ইসরায়েল যুদ্ধের কারণে মূল প্যাকেজিং ম্যাটেরিয়েলের দাম বেড়েছে। ”যুদ্ধের কারণে আমাদের যে মূল প্যাকেজিং ম্যাটেরিয়াল পলিফিল্মের দাম আগে কিনতাম ২৭৫-৮০ টাকা কেজি। এখন সেটা সাড়ে চারশো টাকা কেজি কিনতে হচ্ছে বিকজ অফ সাপ্লায়ার অপ্রতুলতা। ইভেন অনেক সময় আমরা পাচ্ছি না,„ বলেন মিল্কভিটার সভাপতি। এই কারণেই মিল্কভিটার সকল প্যাকেজিং ম্যাটেরিয়েল যেমন : কাপ, বোতল, আইসক্রিমের ক্যানসহ সকল পণ্যের দাম দ্বিগুণ হয়েছে বলেও দাবি করেন তিনি। এছাড়া গ্যাসের দাম বৃদ্ধি ও

অপ্রতুলতা উৎপাদন ব্যয়কে বাড়িয়ে দিয়েছে দাবি করেন মি. শাতিল বলেন, ”গ্যাস পাই না, ঢাকা ডেইরিতে গত ৪৫ দিন ধরে গ্যাস নাই। এ কারণে আমাদের মার্কেট থেকে তিনগুণ দামে এলপিজি কিনতে হচ্ছে।„ এছাড়া গো-খাদ্য ও বিদ্যুতের দাম বৃদ্ধি উৎপাদন ব্যয় বাড়িয়ে দিয়েছে বলে জানান তিনি। এ কারণে ”ওভারহেড কস্ট বেড়েছে„ বলে মন্তব্য করেন মি. শাতিল।(বিবিসি ওয়েব পেজ : ১০.০৮.২০২৬ আলী আহমেদ)

## রেডিও তেহরান

### শেখ হাসিনাকে দ্রুত ফেরাতে ভারতের প্রতি বাংলাদেশের প্রধানমন্ত্রীর তাগিদ

বাংলাদেশ ও ভারতের সম্পর্কের অগ্রগতি এবং শেখ হাসিনাকে প্রত্যর্পণের বিষয়ে এক গুরুত্বপূর্ণ আলোচনা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার (১০ আগস্ট) বাংলাদেশ সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর দপ্তরে প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার দীনেশ ত্রিবেদী। বৈঠকের শুরুতে প্রধানমন্ত্রী ভারতীয় হাইকমিশনারকে স্বাগত জানান। এ সময় হাইকমিশনার ঢাকায় গত দুই মাসে তাঁর দায়িত্ব পালনের অভিজ্ঞতা প্রধানমন্ত্রীর কাছে তুলে ধরেন। প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব শাহাদাৎ স্বাধীন এই সাক্ষাতের বিষয়টি নিশ্চিত করেছেন। দ্বিপক্ষীয় গুরুত্বপূর্ণ বিষয়াদি নিয়ে আলোচনার পাশাপাশি বৈঠকে বাংলাদেশের পক্ষ থেকে আশা প্রকাশ করা হয় যে, ভারত শেখ হাসিনাকে প্রত্যর্পণের প্রক্রিয়া দ্রুত ত্বরান্বিত করবে। এর পাশাপাশি, শহিদ ওসমান হাদি হত্যাকাণ্ডে জড়িত ব্যক্তিদের বাংলাদেশে ফিরিয়ে দেওয়ার বিষয়েও ভারতের প্রতি বৈঠকে পুনরায় জোর অনুরোধ জানানো হয়। প্রধানমন্ত্রী তারেক রহমান দুই প্রতিবেশী দেশের মধ্যকার সম্পর্ক আরও সামনে এগিয়ে নিতে একটি উপযুক্ত ও আস্থাশীল পরিবেশ তৈরির প্রয়োজনীয়তার ওপর বিশেষভাবে গুরুত্বারোপ করেন। বৈঠকে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান, প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবিরসহ সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, গত ২৫ জুন রাষ্ট্রপতির কাছে পরিচয়পত্র পেশের মাধ্যমে ঢাকায় ভারতের ১৬তম হাইকমিশনার হিসেবে কাজ শুরু করার পর প্রধানমন্ত্রীর সঙ্গে দীনেশ ত্রিবেদীর এটিই প্রথম সাক্ষাৎ। এই সাক্ষাতের পূর্বপ্রস্তুতি হিসেবে গতকাল রোববার বিকেলে রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানের সঙ্গেও তিনি একান্তে কথা বলেন। দুই দেশের সম্পর্কের ভবিষ্যৎ নিয়ে সরকারের একজন দায়িত্বশীল কর্মকর্তা জানান, বাংলাদেশ আলোচনার মাধ্যমে বিভিন্ন সমস্যা সমাধানে আগ্রহী। পারস্পরিক সম্মান, মর্যাদা, স্বার্থ এবং একে অপরের সংবেদনশীলতার প্রতি শ্রদ্ধা রেখে সম্পর্ক এগিয়ে নেওয়াই বর্তমান সময়ের মূল লক্ষ্য।

(রেডিও তেহরান ওয়েব পেজ : ১০.০৮.২০২৬ নারগীস)

## এনএইচকে

### যুক্তরাষ্ট্র ক্ষতিপূরণ না দেওয়া পর্যন্ত আলোচনা পুনরায় শুরুর বিষয়টি নাকচ করেছে ইরান

ইরান বলেছে, সমঝোতা স্মারক লঙ্ঘনের অভিযোগে ওয়াশিংটন ক্ষতিপূরণ না দেওয়া পর্যন্ত তারা যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনা পুনরায় শুরু করবে না। রবিবার ইরানের একটি গণমাধ্যম হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়ার বিষয়ে পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচির করা মন্তব্য নিয়ে একটি প্রতিবেদন প্রকাশ করেছে। আরাঘচি বলেছেন, ইরান বর্তমানে যুক্তরাষ্ট্রের সঙ্গে কোনো আলোচনা করছে না। তিনি ইঙ্গিত দিয়েছেন যে, সমঝোতা স্মারকের কথিত লঙ্ঘনগুলোর সমাধান না হওয়া পর্যন্ত এবং ওয়াশিংটন সেই লঙ্ঘনের জন্য তেহরানকে ক্ষতিপূরণ না দেওয়া পর্যন্ত আলোচনা পুনরায় শুরু করা সম্ভব হবে না বলে ইরানের বিশ্বাস। আরাঘচি আরও উল্লেখ করেন যে, হরমুজ প্রণালিতে একটি নতুন সমুদ্রপথ নির্ধারণের জন্য ইরান ও ওমানের মধ্যে আলোচনা চূড়ান্ত পর্যায়ে রয়েছে। তবে তিনি বলেন, এর অর্থ এই নয় যে, প্রণালিটি পুনরায় খুলে দেওয়া হবে। জলপথটি পুনরায় চালু করার বিষয়টি আরও কিছু শর্ত পূরণের উপর নির্ভরশীল বলে তিনি উল্লেখ করেন।(এনএইচকে ওয়েব পেজ: ১০.০৮.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### বাংলাদেশ-ভারত সম্পর্ক ও তারেক রহমান-দীনেশ ত্রিবেদী সাক্ষাৎ

বাংলাদেশ সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার দীনেশ ত্রিবেদী। এ সাক্ষাতেও গুরুত্ব পেয়েছে গণ-অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রসঙ্গ। গত ৫ আগস্ট নয়াদিল্লির ফরেন করেসপন্ডেন্টস ক্লাব অব সাউথ এশিয়া (এফসিসিএসএ) আয়োজিত এক সংবাদ সম্মেলনে ভার্চুয়ালি যোগ দেন শেখ হাসিনা। ৩ আগস্ট গভীর রাতে বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম এ বিষয়ে সাংবাদিকদের বলেন, ”ভারতের সঙ্গে আমরা একটি দূরদর্শী দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে যাচ্ছি। সেই অগ্রযাত্রায় কোনো ব্যাঘাত ঘটুক, তা আমরা চাই না।„ তিনি আরো বলেন, ”এ বিষয়ে ভারতকে নিজের অবস্থান স্পষ্ট করতে হবে।„ এর জবাবে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র জানান, নয়াদিল্লিতে বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে অনুষ্ঠানে ভার্চুয়ালি বক্তব্য রাখবেন, তার সঙ্গে ভারত সরকার কোনোভাবেই জড়িত নয়। তিনি আরো জানান, অনুষ্ঠানটির আয়োজক এক বেসরকারি সংস্থা। তারপর পূর্ব ঘোষণা অনুযায়ী এফসিসিএসএ আয়োজিত সংবাদ সম্মেলনে

যোগ দিয়ে নিজের বক্তব্য রাখেন এবং বক্তব্যের পর সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন শেখ হাসিনা। এতে ক্ষুব্ধ হয় বাংলাদেশ সরকার। এক বিজ্ঞপ্তিতে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় বলে, ”পলাতক দণ্ডপ্রাপ্ত গণহত্যাকারী শেখ হাসিনাকে নয়াদিল্লিতে সরাসরি গণমাধ্যমের সঙ্গে কথা বলার অনুমতি দেওয়ায় বাংলাদেশ ক্ষুব্ধ হয়েছে। সেখানে তিনি এবং তার সহযোগীরা বাংলাদেশ রাষ্ট্র ও এর জনগণের বিরুদ্ধে বিষাক্ত ঘৃণা ছড়িয়েছেন। এ ঘটনায় বাংলাদেশ ক্ষুব্ধ।„ বাংলাদেশ সরকারের পক্ষ থেকে আরো বলা হয়, অনুষ্ঠানটি আয়োজনের ফলে দ্বিপক্ষীয় সম্পর্কের নতুন যাত্রার প্রচেষ্টায় সম্ভাব্য নেতিবাচক প্রভাব সম্পর্কে উদ্বেগের কথা ভারত সরকারকে আগেই জানানো হয়েছিল। এরপরেও ভারতের মাটিতে এই আয়োজনের অনুমতি দেওয়ায় ঢাকা গভীর হতাশা প্রকাশ করছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তিতে বলা হয়, ”এমন একটি দিন, যখন বাংলাদেশের জনগণ জুলাই বিপ্লবের দ্বিতীয় বার্ষিকী উদ্‌যাপন করছে, সে সময় ভারতের মাটিতে শেখ হাসিনার এই মতবিনিময় বাংলাদেশের সার্বভৌমত্বের প্রতি অবমাননা এবং জুলাই বিপ্লবের শহিদদের প্রতি গুরুতর অপমান।„ বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, ”২০২৪ সালের জুলাই-আগস্টে শিশুসহ নিরীহ বেসামরিক নাগরিকদের হত্যাকাণ্ড নিয়ে জাতিসংঘ প্রতিষ্ঠিত তথ্য অস্বীকার করাটা পলাতক দণ্ডপ্রাপ্ত গণহত্যাকারী শেখ হাসিনা ও তার অপরাধের সহযোগীদের ইতিহাসের গতিপথ উল্টে দেওয়ার একটি ব্যর্থ চেষ্টা হিসেবে দাঁড়িয়েছে। বাংলাদেশের জনগণ অতীতে এ ধরনের ঘৃণ্য চেষ্টা প্রত্যাখ্যান করেছে এবং এখনো করছে।„ বিজ্ঞপত্তিতে বলা হয়, ”বাংলাদেশ ভারতের সঙ্গে সার্বভৌম সমতা, পারস্পরিক শ্রদ্ধা, একে অপরের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ না করা এবং জাতীয় মর্যাদার ভিত্তিতে একটি গঠনমূলক, উভয় পক্ষের জন্য লাভজনক ও ভবিষ্যৎমুখী সম্পর্ক বজায় রাখতে চায়। কিন্তু পরিতাপের বিষয় হলো, ২০১৩ সালে বাংলাদেশ ও ভারতের মধ্যে স্বাক্ষরিত প্রত্যর্পণ চুক্তির আওতায় দণ্ডপ্রাপ্ত অপরাধী হাসিনাকে বাংলাদেশে ফেরত পাঠানোর বিষয়ে ভারত সরকারের কাছে বাংলাদেশ বারবার অনুরোধ করলেও এখনো কোনো সাড়া পাওয়া যায়নি। এর বিপরীতে, যে-কোনো অজুহাতে তাকে গণমাধ্যমের সঙ্গে প্রকাশ্যে কথা বলার সুযোগ দেওয়া বাংলাদেশের জনগণের অনুভূতিতে গভীর আঘাত এবং বাংলাদেশ ও ভারতের মধ্যে সম্প্রীতিপূর্ণ দ্বিপক্ষীয় সম্পর্ক উন্নয়নের জন্য ক্ষতিকর।„ পরের দিন (বৃহস্পতিবার, ৬ আগস্ট) বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম ঢাকায় সাংবাদিকদের বলেন, দিল্লিতে শেখ হাসিনার এভাবে বক্তব্য রাখার ঘটনা বাংলাদেশ ও ভারতের সম্পর্কের ভবিষ্যৎ নিয়ে উদ্বেগ তৈরি করেছে। গত শুক্রবার (৭ আগস্ট) দিল্লিতে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্রিফিংয়ে এ বিষয়ে ভারতের অবস্থান তুলে ধরেন মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সোয়াল। তিনি বলেন, ওই (এফসিসিএসএ) মঞ্চ থেকে, বিশেষ করে বাংলাদেশের বৈধভাবে গঠিত সরকারের বিরুদ্ধে যা কিছু বলা হয়েছে, তা ভারত সরকার অনুমোদন করে না। তিনি আরো বলেন, ”ওই আয়োজন শুরুর আগেই ওই বিষয়ে আমরা আমাদের মনোভাব স্পষ্ট করে দিয়েছিলাম। সেই কথা আরো একবার বলেছি। আয়োজনটি ছিল একটি বেসরকারি মিডিয়া সংস্থার উদ্যোগ। তাতে সরকারের কোনো ভূমিকাই ছিল না। ওই মঞ্চ থেকে যা কিছু বলা হয়েছে, তার কোনো কিছুই ভারত অনুমোদন বা সমর্থন করে না।„

## আন্তর্জাতিক গণমাধ্যমে বাংলাদেশ-ভারত সম্পর্ক নিয়ে উদ্বেগ

নয়াদিল্লিতে শেখ হাসিনার বক্তব্যের পর বাংলাদেশ এবং ভারতের বাইরের গণমাধ্যমেও উঠে আসে দুই দেশের সম্পর্ক নিয়ে উদ্বেগের কথা। গত ৬ আগস্ট যুক্তরাজ্যের দ্য গার্ডিয়ান-এর এক প্রতিবেদনের শিরোনাম ছিল `ইন্ডিয়া-বাংলাদেশ রিলেশন্স হিট নিউ লো ওভার একজাইলড পিএম'স স্পিচ টু প্রেস ইন দিল্লি', অর্থাৎ, দিল্লিতে সংবাদমাধ্যমকে দেওয়া নির্বাসিত প্রধানমন্ত্রীর বক্তব্যকে ঘিরে ভারত-বাংলাদেশ সম্পর্ক নতুন তলানিতে। যুক্তরাজ্যের মর্নিং স্টার-এর শিরোনামেও ছিল শেখ হাসিনার বক্তব্যকে ঘিরে দু-দেশের সম্পর্কে অবনতির ইঙ্গিত। সেখানে বলা হয়, 'শেখ হাসিনা'স পাবলিক ভাও টু রিটার্ন হ্যাজ শেকেন ইন্ডিয়া-বাংলাদেশ রিলেশন্স', অর্থাৎ, শেখ হাসিনার প্রকাশ্যে দেশে ফেরার প্রতিশ্রুতি ভারত-বাংলাদেশ সম্পর্ককে নাড়িয়ে দিয়েছে। দ্য ডিপ্লোম্যাট-এর প্রতিবেদনের শিরোনাম ছিল, `বাংলাদেশ-ইন্ডিয়া রিলেশন্স হিট ফ্রেশ টার্বুল্যান্স।' অর্থাৎ সেখানেও ছিল দুই দেশের সম্পর্কে `নতুন করে অস্থিরতা' তৈরি হওয়ার কথা।

## যে বার্তা দিলেন তারেক রহমান

আজ সোমবার বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)-কে উদ্ধৃত করে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলো জানায়, সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর দপ্তরে অনুষ্ঠিত এ সাক্ষাতে দ্বিপক্ষীয় গুরুত্বপূর্ণ বিষয়গুলো নিয়ে আলোচনা হয়। আলোচনার শুরুতে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান ভারতীয় হাইকমিশনারকে স্বাগত জানান। ভারতীয় হাইকমিশনার ঢাকায় গত দুই মাস ঢাকায় তার দায়িত্ব পালনের অভিজ্ঞতা প্রধানমন্ত্রীর কাছে তুলে ধরেন। এ সময় বাংলাদেশের পক্ষ থেকে ভারত শেখ হাসিনাকে প্রত্যর্পণের প্রক্রিয়া ত্বরান্বিত করবে- এ আশার পাশাপাশি শহিদ ওসমান হাদি হত্যাকাণ্ডে জড়িত ব্যক্তিদের বাংলাদেশে ফিরিয়ে দেওয়ার অনুরোধও পুনর্ব্যক্ত করা হয়। দুপুর সোয়া ১২টার দিকে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে সাক্ষাতের বিষয়টি জানানো হয়। পররাষ্ট্র মন্ত্রণালয়ের সূত্রকে উদ্ধৃত করে প্রথম আলো জানায়, গত জুন মাসে ঢাকায় ভারতের হাইকমিশনার হিসেবে

দায়িত্ব নেওয়ার পর দীনেশ ত্রিবেদী এই প্রথম বাংলাদেশের প্রধানমন্ত্রীর সাক্ষাৎ পেলেন। প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাতের পূর্বপ্রস্তুতি হিসেবে গতকাল রোববার বিকেলে পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের সঙ্গে দেখা করেন দীনেশ ত্রিবেদী। গত ২৫ জুন রাষ্ট্রপতির কাছে পরিচয়পত্র পেশের মাধ্যমে ঢাকায় ভারতের ১৬তম হাইকমিশনার হিসেবে কাজ শুরু করেন দীনেশ ত্রিবেদী। এরপর ২৯ জুলাই তিনি পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের সঙ্গে প্রথমবারের মতো দেখা করেন। দুই দেশের সম্পর্কের বিষয়ে জানতে চাইলে সরকারের একজন দায়িত্বশীল কর্মকর্তা গতকাল প্রথম আলোকে বলেন, বাংলাদেশ আলোচনার মাধ্যমে বিভিন্ন সমস্যা সমাধানে আগ্রহী। সম্পর্ক ইতিবাচক পথে ফেরানোর এটাই পথ। পারস্পরিক সম্মান, মর্যাদা আর স্বার্থ সমুন্নত রেখে দুই দেশের সম্পর্ক এগিয়ে নিতে হবে। পাশাপাশি এক দেশকে অন্য দেশের সংবেদনশীলতার প্রতিও যথেষ্ট শ্রদ্ধাশীল হওয়াটা জরুরি।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১০.০৮.২০২৬ রনি)

## এসএসসি পরীক্ষায় ১১ বোর্ডে ৬২.২৫% পাশ

২০২৬ সালের এসএসসি ও সমমান পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। ১১ বোর্ডের সার্বিকভাবে গড় পাশের হার ৬২.২৫ শতাংশ।  আজ সোমবার (১০ আগস্ট) সকাল ১০টায় শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আনুষ্ঠানিকভাবে ফল প্রকাশের কার্যক্রম উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। এ সময় দেশের সব শিক্ষা বোর্ডের চেয়ারম্যান শিক্ষামন্ত্রীর কাছে পরীক্ষার ফল হস্তান্তর করেন। এবার সাধারণ শিক্ষা বোর্ডে পাশের হার ৬৪.০৫ শতাংশ। গত বছর (২০২৫) এই বোর্ডগুলোতে পাশের হার ছিল ৬৮.০৪। ফলে এবার পাশের হার কমেছে ৩ দশমিক ৯৯ শতাংশ। এ বছর সাধারণ শিক্ষা বোর্ডে উত্তীর্ণ মোট ছাত্রের চেয়ে ১ লাখ ৭ হাজার ৯৮২ জন বেশি ছাত্রী উত্তীর্ণ হয়েছে। ছাত্রের চেয়ে ১১,৪০১ জন বেশি ছাত্রী জিপিএ-৫ পেয়েছে। ২০২৫ সালে জিপিএ-৫ ছিল ১ লাখ ২৫ হাজার ১৮ জন। ২০২৬ সালে জিপিএ-৫-এর সংখ্যা ১ লাখ ০৬ হাজার ৯ জন, জিপিএ-৫ কমেছে ১৯ হাজার ৯ জন। মোট প্রতিষ্ঠান বেড়েছে ৩০৩টি। মোট কেন্দ্র বেড়েছে ২০১টি। তবে এবার দেশের ১১টি শিক্ষা বোর্ডের ৩১২টি শিক্ষাপ্রতিষ্ঠানে একজন শিক্ষার্থীও পাশ করতে পারেনি। এর মধ্যে নয়টি সাধারণ শিক্ষা বোর্ডের ৫৭টি, মাদ্রাসা শিক্ষা বোর্ডের ২২৬টি এবং কারিগরি শিক্ষা বোর্ডের ২৯টি শিক্ষাপ্রতিষ্ঠান রয়েছে। এছাড়া বিদেশ কেন্দ্রের মধ্যে একটিতে কেউই পাশ করতে পারেনি। এছাড়া কারিগরি শিক্ষা বোর্ডে গড় পাশের হার ৫৮ দশমিক ২০ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ৩ হাজার ৯৫১ জন পরীক্ষার্থী। মাদ্রাসা শিক্ষা বোর্ডে গড় পাশের হার ৫৫ দশমিক ৪৯ শতাংশ। এ বোর্ডে জিপিএ-৫ পেয়েছেন ৬ হাজার ৭১৬  জন পরীক্ষার্থী।(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১০.০৮.২০২৬ রনি)

## শর্তসাপেক্ষে হরমুজ প্রণালি আবার খুলতে রাজি ইরান

হরমুজ প্রণালি নিয়ে ওমানের সঙ্গে চুক্তির চূড়ান্ত পর্যায়ে রয়েছে ইরান। তবে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি জানিয়েছেন, শর্তসাপেক্ষে হরমুজ আবার খুলে দিতে রাজি তার দেশ। প্রধান শর্ত- ক্ষতিপূরণ দিতে হবে যুক্তরাষ্ট্রকে। গতকাল রোববার ইরানের পক্ষ থেকে জানানো হয়, হরমুজ প্রণালির মধ্যদিয়ে নৌ-চলাচলের নতুন পথ নির্ধারণের বিষয়ে ওমানের সঙ্গে চুক্তি প্রায় সম্পন্ন হওয়ার পথে। তবে ইরান আবার বলেছে, কৌশলগত জলপথটি আবার খুলে দেওয়ার আগে যুক্তরাষ্ট্রকে ক্ষতিপূরণ দেওয়া এবং নিষেধাজ্ঞা ও সামরিক হুমকি বন্ধ করাসহ অন্যান্য শর্ত পূরণ করতে হবে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১০.০৮.২০২৬ রনি)

# জাগো নিউজ

## বিএনপির পরিকল্পনা-কর্মসূচি সবসময়ই জনবান্ধব : প্রধানমন্ত্রী

বিএনপির সব পরিকল্পনা ও কর্মসূচি সবসময়ই জনবান্ধব বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, দেশ ও জনগণের উন্নয়নে স্বাধীনতার ঘোষক শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ১৯ দফা, সাবেক প্রধানমন্ত্রী মরহুমা খালেদা জিয়ার `ভিশন ২০৩০, এবং বর্তমানে রাষ্ট্র সংস্কারের ৩১ দফার প্রতিটি রূপকল্প ও লক্ষ্যের সঙ্গে এমডিজি কিংবা বর্তমানের এসডিজির খুব বেশি অমিল নেই। তারেক রহমান বলেন, এসডিজির মূলনীতি `কাউকে পেছনে ফেলে নয়,- এর সঙ্গে বর্তমান সরকারের জননীতিরও মিল রয়েছে। সব শ্রেণি-পেশার তথা জনগণের স্বার্থ নিশ্চিত করার লক্ষ্যে বর্তমান সরকারের নীতি হচ্ছে `সবার জন্য বাংলাদেশ,। সোমবার (১০ আগস্ট) বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে `এসডিজি অর্জনে পাঁচ বছর মেয়াদি কৌশলগত কাঠামো : নীতি, অংশীদারত্ব ও অগ্রাধিকার, শীর্ষক জাতীয় সম্মেলন-২০২৬-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশ যেভাবে সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (এমডিজি) বাস্তবায়নে সাফল্যের পরিচয় দিয়েছে, একইভাবে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নের ক্ষেত্রেও যথাযথ পদক্ষেপ গ্রহণ ও তা বাস্তবায়ন করে চলছে।

**`ভঙ্গুর রাষ্ট্র এবার পুনর্গঠনের পালা,**

এমডিজির লক্ষ্য, উদ্দেশ্য ও কর্মপরিকল্পনা নিয়ে সম্মেলনে তথ্যবহুল আলোচনা হয়েছে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, দীর্ঘ দেড় দশকের বেশি সময় ধরে ফ্যাসিবাদী শোষণ-শাসন বাংলাদেশকে একটি ঋণনির্ভর ও আমদানিনির্ভর ভঙ্গুর

রাষ্ট্রে পরিণত করেছিল। শিক্ষা, স্বাস্থ্য, পরিবেশসহ সব ক্ষেত্রে ভঙ্গুর এই রাষ্ট্রটি এবার পুনর্গঠনের পালা। দেশ পুনর্গঠনের এই যাত্রাপথে এসডিজির গুরুত্বপূর্ণ ভূমিকা অনস্বীকার্য বলে উল্লেখ করেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, জনগণের সমৃদ্ধি নিশ্চিত করার লক্ষ্যে বর্তমান সরকার পাঁচ বছর মেয়াদি কৌশলগত অর্থনৈতিক কাঠামো বাস্তবায়নের পদক্ষেপ নিয়েছে। এই কাঠামো দেশের জাতীয় উন্নয়ন পরিকল্পনাকে জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার সঙ্গে সমন্বিত করেছে। বর্তমান সরকারের গৃহীত `সংস্কার ও উন্নয়নের পাঁচ স্তম্ভের, মাধ্যমে দারিদ্র্য বিমোচন, সর্বজনীন সামাজিক সুরক্ষা, মানসম্মত শিক্ষা ও স্বাস্থ্যসেবা, জেন্ডার সমতা ও জলবায়ু সহনশীলতা এবং সুশাসন- এসডিজির এসব মূল অগ্রাধিকারই প্রতিফলিত হয়েছে বলে জানান প্রধানমন্ত্রী।

**`পুনরুদ্ধার-পুনর্বাসন-পুনর্গঠন, কৌশল**

স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উত্তরণ এবং এসডিজি বাস্তবায়নে অর্জিত অগ্রগতি সুসংহত করতে বর্তমান সরকার `পুনরুদ্ধার-পুনর্বাসন-পুনর্গঠন,- এই তিন স্তরের কৌশল গ্রহণ করেছে বলে জানান প্রধানমন্ত্রী। তিনি বলেন, এর মাধ্যমে সাময়িক স্থিতিশীলতা থেকে শুরু করে দীর্ঘমেয়াদি কাঠামোগত রূপান্তর- সবকিছুই একটি সুসংহত পথনকশায় বাস্তবায়ন করা হবে।

**ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড ও ই-হেলথ কার্ড**

প্রধানমন্ত্রী বলেন, জনগণের রায়ে বর্তমান সরকার গত ১৭ ফেব্রুয়ারি সরকার গঠনের পরদিন থেকেই নারীর সামাজিক ও অর্থনৈতিক ক্ষমতায়ন নিশ্চিত করতে ফ্যামিলি কার্ড, কৃষকের স্বার্থ রক্ষায় কৃষক কার্ড এবং জনস্বাস্থ্য ও চিকিৎসাসেবা সহজ করতে ই-হেলথ কার্ডের মতো একাধিক সামাজিক সুরক্ষা কর্মসূচি বাস্তবায়ন করছে। এর মাধ্যমে প্রান্তিক কৃষক, স্বল্প আয়ের পরিবার ও ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর কাছে সরাসরি ভর্তুকি, কৃষি উপকরণ, আর্থিক সহায়তা ও স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়া হচ্ছে বলে জানান তিনি। এর পাশাপাশি ক্রীড়া কার্ড এবং সারাদেশে ইমাম-মুয়াজ্জিন ও বিভিন্ন ধর্মের ধর্মীয় গুরুদেরও সম্মানী ভাতার আওতায় আনা হয়েছে বলে উল্লেখ করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, কোনো না কোনো উপায়ে দেশের প্রতিটি শ্রেণি-পেশার মানুষের কাছে সরকারের সহায়তা নেটওয়ার্ক বিস্তৃত হচ্ছে। এভাবে চলতি মেয়াদের মধ্যেই পর্যায়ক্রমে সম্ভাব্য প্রতিটি নাগরিককে সামাজিক সুরক্ষা বলয় ও আর্থিক সহায়তা কাঠামোর আওতায় আনার পরিকল্পনা ও বাস্তবায়নের সুচিন্তিত পথনকশা সরকারের রয়েছে।

**তিন গ্রামে `এসডিজি ভিলেজ,**

`এসডিজি ভিলেজ, কার্যক্রমের অংশ হিসেবে রাঙামাটির কাপ্তাই উপজেলার মিতিঙ্গাছড়ি, খুলনার দাকোপ উপজেলার পানখালী এবং দিনাজপুরের বোচাগঞ্জ উপজেলার নাফানগর- এই তিন গ্রামকে এসডিজি স্থানীয়করণের একটি পরীক্ষামূলক মডেল হিসেবে প্রাথমিকভাবে বেছে নেওয়া হয়েছে বলে জানান প্রধানমন্ত্রী। তিনি বলেন, এসব গ্রামে ফ্যামিলি কার্ড, স্বাস্থ্য কার্ড, কৃষক কার্ড, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের ঋণ, স্কুলের পোশাক, মাদরাসাভিত্তিক শিক্ষা, নবায়নযোগ্য জ্বালানি, গ্রাম পর্যটন, নীল অর্থনীতিভিত্তিক কর্মসংস্থান, এক গ্রাম-এক পণ্য, বৃক্ষরোপণ, খাল খনন ও পরিবেশবান্ধব পর্যটনসহ বিভিন্ন কর্মসূচি একযোগে পরীক্ষামূলকভাবে বাস্তবায়ন করা হবে এবং এর প্রভাব পর্যবেক্ষণ করা হবে। এই উদ্যোগের সাফল্যের ভিত্তিতে ভবিষ্যতে দেশের অন্যান্য গ্রামেও এই মডেল সম্প্রসারণের পরিকল্পনা নেওয়া হয়েছে বলে জানান তিনি। এসডিজি ভিলেজ বর্তমান সরকারের নির্বাচনি অঙ্গীকারকে একটি আন্তর্জাতিকভাবে স্বীকৃত উন্নয়ন মডেল হিসেবে বিশ্বের সামনে তুলে ধরার একটি দৃষ্টান্তমূলক প্ল্যাটফর্ম হয়ে উঠবে বলে আশা প্রকাশ করেন তারেক রহমান।

**সম্মিলিত উদ্যোগের ওপর গুরুত্ব**

সরকারপ্রধান বলেন, কোনো একক মন্ত্রণালয় বা বিভাগের মাধ্যমে এসডিজি বাস্তবায়ন সম্ভব নয়। এর সফল বাস্তবায়নের জন্য সরকার, বেসরকারি খাত, উন্নয়ন সহযোগী, এনজিও, সুশীল সমাজ, গণমাধ্যম এবং প্রতিটি নাগরিকের সম্মিলিত সহযোগিতা প্রয়োজন। তিনি আশা প্রকাশ করেন, তিনদিনের এই সম্মেলনে প্রতিটি সমন্বয়কারী মন্ত্রণালয় ও বিভাগ তাদের অভীষ্টভিত্তিক অগ্রগতি, চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ করণীয় নিয়ে আলোচনা করে বাস্তবসম্মত ও সময়োপযোগী কর্মপরিকল্পনা ও পদক্ষেপ গ্রহণ করবে।

**`গণতান্ত্রিক, মানবিক ও কল্যাণ রাষ্ট্র,**

আগামীদিনের কর্মপরিকল্পনায় কয়েকটি মৌলিক বিষয়ে সরকারের দৃষ্টিভঙ্গি স্পষ্ট বলে উল্লেখ করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, একটি গণতান্ত্রিক রাষ্ট্র, যেখানে থাকবে অবাধ নির্বাচন, আইনের শাসন ও প্রাতিষ্ঠানিক জবাবদিহি। একটি মানবিক রাষ্ট্র যেখানে স্বাস্থ্য, শিক্ষা ও নাগরিক অধিকার হবে সর্বজনীন এবং একটি কল্যাণ রাষ্ট্র, যেখানে প্রতিটি নাগরিকের অর্থনৈতিক সুযোগ ও আন্তঃপ্রজন্ম ন্যায্যতা নিশ্চিত থাকবে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি-বিষয়ক মুখ্য সমন্বয়ক ও গভর্নেন্স ইনোভেশন ইউনিট এবং বাংলাদেশ পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগকে এমন একটি জনগুরুত্বপূর্ণ সম্মেলন আয়োজনের জন্য ধন্যবাদ জানান প্রধানমন্ত্রী। ২০৩০ সাল নাগাদ টেকসই উন্নয়ন অভীষ্ট

অর্জনের লক্ষ্যে সবাইকে দৃঢ় সংকল্প নিয়ে কাজ করার আহ্বান জানিয়ে তিনি জাতীয় সম্মেলনের সাফল্য কামনা করেন। এরপর `এসডিজি ভিলেজ, কার্যক্রমের উদ্বোধন ঘোষণা করেন প্রধানমন্ত্রী।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১০.০৮.২০২৬ রুবাইয়া)

## এসডিজি অর্জনে কৌশলগত কাঠামো নির্ধারণে জাতীয় সম্মেলন উদ্বোধন

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে পাঁচ বছর মেয়াদি কৌশলগত কাঠামো নির্ধারণবিষয়ক জাতীয় সম্মেলন উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সোমবার (১০ আগস্ট) দুপুরে রাজধানীর শেরেবাংলা নগরের বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তিনি এ সম্মেলনের উদ্বোধন করেন। এ সময় দেশে প্রথমবারের মতো এসডিজি ভিলেজ পাইলট প্রোগ্রামের আওতায় তিনটি গ্রামেরও উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। পাইলট কর্মসূচির আওতায় নির্বাচিত গ্রাম তিনটি হলো, দিনাজপুরের বোচাগঞ্জ উপজেলার নাফানগর, খুলনার দাকোপ উপজেলার পানখালী এবং রাঙামাটির কাপ্তাই উপজেলার মিতিংগাছড়ি। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি সুজাউদ্দৌলা সুজন মাহমুদ এসব তথ্য জানান। (জাগো নিউজ ওয়েব পেজ: ১০.০৮.২০২৬ রুবাইয়া)

## সৌদিতে অগ্নিকাণ্ডে ১৬ বাংলাদেশির মৃত্যুতে পররাষ্ট্রমন্ত্রীর শোক

সৌদি আরবের রিয়াদে একটি সোফা তৈরির কারখানায় অগ্নিকাণ্ডে ১৬ বাংলাদেশির প্রাণহানিতে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান এবং পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম গভীর শোক ও আন্তরিক সমবেদনা প্রকাশ করেছেন। সোমবার (১০ আগস্ট) পররাষ্ট্র মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা কামরুল ইসলাম ভুঁইয়া এ তথ্য জানান। তারা নিহত বাংলাদেশি নাগরিকদের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সহমর্মিতা জ্ঞাপন করেছেন এবং তাদের এ অপূরণীয় ক্ষতি ও শোকের সময়ে পাশে থাকার আশ্বাস দিয়েছেন। দুর্ঘটনার সংবাদ পাওয়ার পরপরই রিয়াদস্থ বাংলাদেশ দূতাবাসের কর্মকর্তারা ঘটনাস্থলে উপস্থিত হন। নিহতদের পরিচয় শনাক্তকরণ এবং মরদেহের আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে বাংলাদেশ দূতাবাস সংশ্লিষ্ট সৌদি কর্তৃপক্ষের সঙ্গে নিবিড়ভাবে সমন্বয় করে কাজ করছে। পররাষ্ট্র মন্ত্রণালয় সার্বক্ষণিক উদ্ভূত পরিস্থিতি পর্যবেক্ষণ করছে ও তদানুসারে সহায়তা দিচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১০.০৮.২০২৬ রুবাইয়া)

## এসএসসিতে এবার জিপিএ-৫ পেল ১ লাখ ১৬ হাজার ৬৭৬ জন

চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এ পরীক্ষায় দেশের ১১টি শিক্ষা বোর্ডে মোট জিপিএ-৫ পেয়েছে ১ লাখ ১৬ হাজার ৬৭৬ জন শিক্ষার্থী। গত বছর অর্থাৎ ২০২৫ সালে জিপিএ-৫ পেয়েছিল ১ লাখ ৩৯ হাজার ৩২ জন। সেই হিসাবে এবার জিপিএ-৫ কমেছে। সোমবার (১০ আগস্ট) সকাল ১০টার দিকে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সম্মেলনকক্ষে আয়োজিত সংবাদ সম্মেলন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন এ ফল ঘোষণা করেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১০.০৮.২০২৬ রুবাইয়া)

## স্বায়ত্তশাসিত সংস্থার ক্রয়ে বাড়ল আর্থিক ক্ষমতা

সরকারি করপোরেশন, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থার পূর্তকাজ, পণ্য ও যন্ত্রপাতি ক্রয় এবং পরামর্শক সেবা গ্রহণে আর্থিক ক্ষমতা বাড়িয়েছে সরকার। একইসঙ্গে সংবিধিবদ্ধ সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়ন করা প্রকল্পের ক্রয় প্রস্তাব অনুমোদনেও সংশ্লিষ্ট কর্মকর্তাদের আর্থিক ক্ষমতা বাড়ানো হয়েছে। প্রকল্প বাস্তবায়নে গতি আনা এবং সরকারি ক্রয় আইন ও বিধিমালার সঙ্গে সামঞ্জস্য রাখতে অর্থ বিভাগ এ সিদ্ধান্ত নিয়েছে। সম্প্রতি অর্থ সচিব ড. মো. খায়রুজ্জামান মজুমদারের সই করা এ সংক্রান্ত একটি পরিপত্র জারি করা হয়েছে। পরিপত্রটি অবিলম্বে কার্যকর করা হয়েছে। অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-২-এর শাখা-১৪ থেকে জারি করা পরিপত্রে বলা হয়েছে, ২০১৫ ও ২০১৬ সালে জারি করা এ-সংক্রান্ত আগের দুটি পরিপত্র সংশোধন করে সংযোজনীতে উল্লেখিত হারে অধিকতর আর্থিক ক্ষমতা অর্পণ করা হয়েছে। পরিপত্র অনুযায়ী, সরকারি করপোরেশন, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থার পূর্তকাজ, পণ্য, মালামাল, যন্ত্রপাতি ও সরঞ্জামাদি ক্রয় এবং পরামর্শক সেবা গ্রহণের ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগ, বোর্ড অব ডাইরেক্টরস, সংস্থার নির্বাহী প্রধান ও প্রকল্প পরিচালকদের আর্থিক ক্ষমতা বাড়ানো হয়েছে। একইভাবে সংবিধিবদ্ধ সংস্থার স্ব-অর্থায়নপুষ্ট প্রকল্পের ক্রয় প্রস্তাব অনুমোদনের ক্ষেত্রেও এ ক্ষমতা বাড়ানো হয়েছে। তবে এ আর্থিক ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে নির্দিষ্ট শর্ত দিয়েছে অর্থ বিভাগ। অনুমোদিত উন্নয়ন বা পরিচালন বাজেটে প্রয়োজনীয় বরাদ্দ থাকতে হবে। পাশাপাশি সরকারি ক্রয় আইন-২০০৬ (পিপিএ), সরকারি ক্রয় বিধিমালা-২০২৫ (পিপিআর) এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।(জাগো নিউজ ওয়েব পেজ: ১০.০৮.২০২৬ রুবাইয়া)

## ঢাকায় ২৪ ঘণ্টায় গ্রেফতার ৪৮২ আসামি, সর্বোচ্চ মিরপুরে

ঢাকায় পুলিশের নিয়মিত অভিযানে গত ২৪ ঘণ্টায় ৪৮২ জন গ্রেফতার হয়েছেন। একই সময়ে ৪৮টি মামলা দায়ের করা হয়েছে। এসময়ে সর্বোচ্চ গ্রেফতার হয়েছে মিরপুর এলাকায়। সোমবার (১০ আগস্ট) ডিএমপির অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (এডিসি) নিয়াজ মেহেদী এ তথ্য জানান। তিনি জানান গ্রেফতারদের মধ্যে রমনা বিভাগ ৩৪ জন, লালবাগ

বিভাগ ২৪ জন, ওয়ারী বিভাগ ৬৪ জন, মতিঝিল বিভাগ ৮৭ জন, তেজগাঁও বিভাগ ৬৭ জন, মিরপুর বিভাগ ১১৪ জন, গুলশান বিভাগ ৩৩ জন, উত্তরা বিভাগ ৫০ জন, গোয়েন্দা বিভাগ ৮ জন এবং সিটিটিসি বিভাগ ১ জনকে গ্রেফতার করে। এসময় তাদের কাছ থেকে মাদক বিক্রির নগদ ২ লাখ ৯০ হাজার টাকা, ২ লাখ ৩০ হাজার টাকা মূল্যের ৪টি মিউজিক সিস্টেম, ৫টি মোবাইল ফোন, ১টি চাকু, ১টি সিএনজি চালিত অটোরিকশা, ১৫৭টি সিম, ৩টি মোটরসাইকেল, ১টি পিস্তল, ১টি ম্যাগাজিন, ১টি রিভলভার, ৬ রাউন্ড গুলি, ১২টি হাসুয়া, ১টি বেসবল ব্যাট, ১টি ডাসা, ১টি ছোরা, ১টি কাটার, ৭৬৯৯ ইয়াবা, ৬৫ কেজি ৫০০ গ্রাম গাঁজা, ৯টি ইনজেকশন এবং ২২ লিটার ৫০০ মিলি বিদেশি মদ জব্দ করা হয়। রাজধানীর বিভিন্ন থানা এলাকায় অভিযান পরিচালনা করে বিভিন্ন আলামত ও মাদকদ্রব্য উদ্ধারসহ তাদের গ্রেফতার করা হয়। তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১০.০৮.২০২৬ রুবাইয়া)

## এমপিরা স্বাধীনভাবে ভোট দিতে পারলে রাষ্ট্রপতি পদে অলি আহমদই বিজয়ী হতেন

রাষ্ট্রপতি পদে নির্বাচনে সংসদে এমপিরা স্বাধীনভাবে ভোট দিতে পারলে জামায়াত জোটের প্রার্থী এলডিপির চেয়ারম্যান কর্নেল (অব.) অলি আহমদ বিজয়ী হতেন বলে মন্তব্য করেছেন জোটের সমন্বয়ক ও জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ। সোমবার (১০ আগস্ট) নির্বাচন ভবনে রাষ্ট্রপতি নির্বাচনের প্রধান নির্বাচনি কর্মকর্তা সিইসি এএমএম নাসির উদ্দিনের কার্যালয় থেকে জোটের পক্ষ থেকে মনোনয়ন ফরম নেওয়ার পর এ মন্তব্য করেন তিনি। তিনি বলেন, ”যদি সংস্কার হতো কর্নেল (অব.) অলি নিশ্চিতভাবে বিজয়ী হতেন এবং সবার কাছে গ্রহণযোগ্য প্রার্থী হিসেবে তিনি নির্বাচিত হতেন। এই সম্ভাবনা ছিল। কিন্তু এটা জাতির জন্য দুর্ভাগ্য। সেই জায়গাটা বিএনপির দ্বিচারিতা এবং তাদের সংস্কারের ব্যাপারে ইতিবাচক মানসিকতা না থাকার কারণে জাতি এখান থেকে বঞ্চিত হলো। একজন দক্ষ, যোগ্য লোকের সার্ভিস থেকে রাষ্ট্র বঞ্চিত হলো।„ (জাগো নিউজ ওয়েব পেজ: ১০.০৮.২০২৬ রুবাইয়া)

## রাষ্ট্রীয় সম্মানী ভাতার আওতায় আসছে আরও ৮৬,৭০৯ ধর্মীয় প্রতিষ্ঠান

চলতি ২০২৬-২০২৭ অর্থবছরে রাষ্ট্রীয় সম্মানী ভাতার আওতায় আসছে আরও ৮৬ হাজার ৭০৯টি ধর্মীয় প্রতিষ্ঠান। এর মধ্যে ৮২ হাজার ৬৫৬টি মসজিদ, ৩ হাজারটি মন্দির, ৭৫২টি বৌদ্ধ বিহার ও ৩০১টি গির্জা রয়েছে। এসব ধর্মীয় প্রতিষ্ঠানে কর্মরত দুই লাখ ৫৬ হাজার ৭৪ জন ধর্মীয় নেতা রাষ্ট্রীয় এ সুবিধার আওতায় আসবেন। প্রধানমন্ত্রী তারেক রহমান চলতি মাসেই এ কার্যক্রম উদ্বোধন করবেন। সরকারের নির্বাচনি ইশতেহার বাস্তবায়নে মসজিদের ইমাম, মুয়াজ্জিন, খাদেম ও অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে কর্মরত ব্যক্তিদের জন্য মাসিক সম্মানী ও প্রশিক্ষণভিত্তিক কল্যাণ ব্যবস্থা চালু করার লক্ষ্যে গঠিত সেলের সম্প্রতি অনুষ্ঠিত এক সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। ওই সভায় প্রধানমন্ত্রীর জনপ্রশাসন বিষয়ক উপদেষ্টা (মন্ত্রী পদমর্যাদা) ও সেলের সভাপতি মো. ইসমাইল জবিউল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মীর শাহে আলম, শরীয়তপুর-৩ আসনের সংসদ সদস্য হুইপ মিয়া নুরুদ্দিন আহাম্মেদ অপু, গাইবান্দা-৪ আসনের সংসদ সদস্য মোহাম্মদ শামীম কায়সার, ধর্মসচিব মুন্সী আলাউদ্দিন আল আজাদ, সমাজকল্যাণ সচিব ড. মোহাম্মদ আবু ইউছুফসহ সেলের অন্যান্য সদস্য উপস্থিত ছিলেন। সোমবার (১০ আগস্ট) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়, ২০২৬-২০২৭ অর্থবছরে এ সম্মানি ভাতার জন্য প্রতিটি ইউনিয়ন থেকে ১৫টি মসজিদ নির্বাচন করা হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১০.০৮.২০২৬ রুবাইয়া)

## টিকায় শতভাগ সফল, থামেনি মৃত্যু : এখন দায় কার?

হামে মৃত্যুর মিছিল থামছেই না। এখন পর্যন্ত এই হাম ও হাম উপসর্গে প্রাণ গেছে ৮৭৩ জনের। এই রোগে আক্রান্ত হওয়ার পর এক হাসপাতাল থেকে আরেক হাসপাতালে ছুটছেন স্বজনেরা। কোথাও বিশেষ ওয়ার্ডে জায়গা মিলছে না, কোথাও সংকট আইসিইউ ও এনআইসিইউর। জটিল রোগীদের নিয়ে শুরু হচ্ছে হাসপাতাল বদলের দৌড়। চিকিৎসার ব্যয় মেটাতে ঋণ ও সঞ্চয় ভাঙার তথ্যও উঠে এসেছে জরিপে। কিন্তু হাসপাতাল ব্যবস্থাপনাসহ নানা আয়োজনে ব্যর্থতার খবর উঠে আসছে। টিকা নেওয়া শিশু, না নেওয়া শিশু; সবাই আক্রান্ত হচ্ছে এই ভাইরাসে। আক্রান্ত হয়েছে টিকা পাওয়ার উপযোগী বয়স হওয়ার আগেই। বিজ্ঞানের প্রতিষ্ঠিত সব ব্যারিকেড ভেঙে এ যেন অপ্রতিরোধ্য রাক্ষস! স্বাস্থ্য অধিদপ্তরের তথ্যে দেখা যাচ্ছে, এখনো বেড়েই চলছে হামের সংক্রমণ, রয়েছে মৃত্যুর মিছিলও। ৮ আগস্ট সকাল ৮টা থেকে ৯ আগস্ট সকাল ৮টা পর্যন্ত এক হাজার ৬৩ জন হাম ও সন্দেহজনক হাম নিয়ে হাসপাতালে এসেছে। মারা গেছে ৬ জন। সরকার বলছে, হাম রুবেলার টিকায় তাদের সাফল্য টার্গেটের চেয়েও বেশি। এতদিন টিকা না দেওয়ার জন্য বিগত সরকারকে দায় দিলেও, এখন কাকে দায় দেওয়া হবে? টিকা দেওয়ার পরও কেন আক্রান্ত হচ্ছে? কেন মরছে মানুষ? এমন প্রশ্ন সর্বত্র। হামের প্রাদুর্ভাবের শুরুতেই গবেষণায় দাবি উঠলেও কর্নপাত করেনি সরকার। এত প্রাণহানির পর গবেষণায় নেমেছে রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর)। এরই মধ্যে আইসিডিডিআর,বি এবং বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট গবেষণা করে এই হাম দেশীয়, কোনো নতুন বা বিদেশি ধরন আসেনি বলে নিশ্চিত হয়েছে। তবে এক ডোজ টিকা পাওয়া ৪৮ শিশুর মধ্যে ৪৪ জন বা ৯২ শতাংশ এবং

সুপারিশ করা দুই ডোজ টিকা পাওয়া ২১ শিশুর মধ্যে ১৬ জনের বা ৭৬ শতাংশের হাম শনাক্ত হয়। এজন্য এবার আইইডিসিআর খুঁজছে টিকা পাওয়ার পরও কেন আক্রান্ত হচ্ছে শিশু? শিগ্গির ফল মিলবে। সরকার বলছে, তাদের টিকাদানে আছে সাফল্য। এরই মধ্যে দুই কোটি ১২ লাখ তিন হাজার ৩৯৮ জনকে টিকা দেওয়া হয়েছে। এটি তাদের টার্গেটের চেয়ে অনেক বেশি। হাসপাতাল ব্যবস্থাপনায়ও পূর্ণ প্রস্তুতি রয়েছে। শিশু হাসপাতালে হামের বিশেষ ওয়ার্ড করা হয়েছে। রাজধানীর মহাখালীর ডিএনসিসি কোভিড১৯ ডেডিকেটেড হাসপাতালকে এখন হামের জন্য ডেডিকেটেড করা হয়েছে। কিন্তু সেখানে নেই এনআইসিইউ বা অন্য জটিলতার সমাধানের সুযোগ। কম বয়সিদের সেখানে নেওয়া হয় না। সরকারের ঢাকঢোলের বাস্তব চিত্র ভুক্তভোগীদের জানা। তারা বলছেন, এমন বিপদে সরকার অন্যের ঘাড়ে দায় চেপে নিজেকে মুক্ত করে বসে আছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১০.০৮.২০২৬ রুবাইয়া)

## এসএসসির ফলাফল খারাপ নয়, সুন্দর হয়েছে : শিক্ষামন্ত্রী

মন খুলে গান গাওয়া গেলেও মন খুলে নম্বর দেওয়া যায় না বলে মন্তব্য করেছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। একইসঙ্গে তিনি এবারের এসএসসির ফলাফল খারাপ নয়, বরং সুন্দর হয়েছে বলেও দাবি করেছেন। সোমবার (১০ আগস্ট) সকাল ১০টার দিকে শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ফলাফল ঘোষণা নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন। শিক্ষকরা মনখুলে নম্বর দেওয়ার ক্ষেত্রে খুবই কঠোর ছিল, আপনার কাছে কী মেসেজ ছিল- এমন প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, `মন খুলে গান গাওয়া যায়, মন খুলে তো আর নম্বর দেওয়া যায় না।, এবারের ফলাফলকে সুন্দর ফলাফল উল্লেখ করে সাংবাদিকদের উদ্দেশ্যে শিক্ষামন্ত্রী বলেন, ”আপনারা খারাপ রেজাল্ট বলছেন কেন, রেজাল্ট তো সুন্দর হয়েছে।„

(জাগো নিউজ ওয়েব পেজ: ১০.০৮.২০২৬ রুবাইয়া)

## জ্বালানি খাত মাফিয়াদের হাতে দেওয়ার ষড়যন্ত্র রুখবে এনসিপি

জাতীয় নিরাপত্তা ও সার্বভৌমত্বের অন্যতম প্রধান স্তম্ভ জ্বালানি খাতকে একটি বিতর্কিত ব্যবসায়ী গোষ্ঠীর হাতে তুলে দিয়ে রাষ্ট্র ও জনগণকে জিম্মি করার অপচেষ্টা চলছে বলে অভিযোগ করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। দলটি বলেছে, বিভিন্ন গণমাধ্যমের অনুসন্ধানী প্রতিবেদনে উঠে এসেছে- আইনি বাধ্যবাধকতা ও রাষ্ট্রীয় নিয়ম-কানুন উপেক্ষা করে ঋণ জালিয়াতি, ব্যাংক লুটপাট ও অর্থপাচারের অভিযোগে অভিযুক্ত একটি ব্যবসায়ী গোষ্ঠীকে জাতীয় পেট্রোলিয়াম বাণিজ্যের সিংহভাগ নিয়ন্ত্রণের সুযোগ দেওয়ার তোড়জোড় চলছে। সোমবার (১০ আগস্ট) দলের দপ্তর সেলের সদস্য সাদিয়া ফারজানা দিনার সই করা এক বার্তায় এসব কথা জানানো হয়। এনসিপির আহ্বায়ক ও সদস্য সচিব এক যৌথ বিবৃতিতে বলেন, দেশের জ্বালানি সার্বভৌমত্ব নিয়ে যে-কোনো চক্রান্ত জনগণকে সঙ্গে নিয়ে কঠোরভাবে প্রতিহত করা হবে। নেতৃবৃন্দ অভিযোগ করেন, জ্বালানি নিরাপত্তা মাফিয়াদের হাতে তুলে দেওয়ার এই উদ্যোগ বিগত আওয়ামী লীগ সরকারের সময়কার বিদ্যুৎ ও জ্বালানি খাতের `বিশেষ সুবিধাভোগী, গোষ্ঠীকে সুবিধা দেওয়ার মডেলের পুনরাবৃত্তি। তাদের দাবি, ওই সময় কুইক রেন্টাল ও `দায়মুক্তি আইন,-এর সুযোগ নিয়ে বিদ্যুতের দাম নির্ধারণ এবং ক্যাপাসিটি চার্জের মাধ্যমে জনগণের বিপুল অর্থ লুটপাট ও পাচার করা হয়েছে। এনসিপি আরও বলেছে, এখন একই ধরনের মাফিয়াতন্ত্রের মাধ্যমে জাতীয় নিরাপত্তার সঙ্গে সরাসরি যুক্ত জ্বালানি খাতকে নিয়ন্ত্রণের চেষ্টা করা হলে তা দেশের অর্থনীতি ও সার্বভৌমত্বের জন্য মারাত্মক হুমকি হয়ে দাঁড়াবে। বিবৃতিতে আরও বলা হয়, মাত্র দুই দিনের সময় দিয়ে তদন্ত কমিটি গঠন, বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের (বিপিসি) চেয়ারম্যানকে অপসারণ এবং মাত্র চারদিনে নীতিমালার খসড়া তৈরির মতো নজিরবিহীন তাড়াহুড়ো প্রমাণ করে, এটি কোনো সাধারণ প্রশাসনিক সিদ্ধান্ত নয়; বরং একটি বিশেষ ব্যবসায়ী গোষ্ঠীকে সুবিধা দেওয়ার পরিকল্পনা।(জাগো নিউজ ওয়েব পেজ: ১০.০৮.২০২৬ রুবাইয়া)

## `হ্যালো ডিসিতে, অভিযোগ, একদিনেই সরলো স্কুলের সামনের ময়লার স্তূপ

দীর্ঘদিনের ময়লার স্তূপে নষ্ট হচ্ছিল পরিবেশ, ভোগান্তিতে পড়ছিলেন শিক্ষার্থী ও স্থানীয়রা। অবশেষে `হ্যালো ডিসিতে, অভিযোগ পৌঁছানোর পর একদিনেই অপসারণ হলো ঢাকার কেরানীগঞ্জের কলাতিয়া উচ্চ বিদ্যালয়ের সামনের ময়লার স্তূপ। কলাতিয়া খাল ও ব্রিজের নিচের ময়লা-আবর্জনা অপসারণ করা হয়। জেলা প্রশাসনের কার্যালয় সূত্রে জানা যায়, গতকাল রোববার (১০ আগস্ট) জেলা প্রশাসক মিজ ফরিদা খানম `হ্যালো ডিসি, অ্যাপে পাওয়া অভিযোগটি কেরানীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কাছে পাঠিয়ে দ্রুত ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন। পরে সংশ্লিষ্টদের উদ্যোগে খাল ও ব্রিজের নিচে জমে থাকা আবর্জনা সরিয়ে জায়গাটি পরিষ্কার করা হয়। স্থানীয়রা বলেন, কলাতিয়া বাজার ও আশপাশের এলাকার বাসাবাড়ির বর্জ্য দীর্ঘদিন ধরে খালের পাড় ও ব্রিজের নিচে ফেলা হচ্ছিল। একপর্যায়ে সেখানে বড় আকারের ময়লার স্তূপ তৈরি হয়। বর্জ্য পচে দুর্গন্ধ ছড়ানোর পাশাপাশি খালের পরিবেশও দূষিত হচ্ছিল। কলাতিয়া উচ্চ বিদ্যালয়টি ময়লার স্তূপের পাশেই হওয়ায় সবচেয়ে বেশি সমস্যায় পড়ছিলেন শিক্ষার্থী ও শিক্ষকরা। প্রতিদিন বিদ্যালয়ে যাতায়াতের সময় তাদের দুর্গন্ধ ও আবর্জনার পাশ দিয়ে চলাচল করতে হতো। একই কারণে পথচারী ও আশপাশের বাসিন্দাদেরও দুর্ভোগ পোহাতে হচ্ছিল। এ অবস্থায় বিষয়টি `হ্যালো ডিসি, অ্যাপের মাধ্যমে জেলা প্রশাসনের নজরে আনা হয়। অভিযোগ পাওয়ার পর জেলা প্রশাসকের নির্দেশে সংশ্লিষ্ট প্রশাসন দ্রুত ব্যবস্থা নেয়। পরে

খাল ও ব্রিজের নিচে জমে থাকা ময়লা অপসারণ করে স্থানটি পরিষ্কার করা হয়। ময়লা অপসারণের পর স্বস্তি প্রকাশ করেছেন স্থানীয়রা। (জাগো নিউজ ওয়েব পেজ: ১০.০৮.২০২৬ রুবাইয়া)

## এআই বিপ্লবে ছোটো দেশগুলোর এগিয়ে যাওয়ার সুযোগ বেশি

কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তির দ্রুত প্রসার বাংলাদেশের মতো নিম্নদক্ষ অর্থনীতির দেশগুলোর জন্য বড়ো ধরনের অর্থনৈতিক সুযোগ তৈরি করেছে। তবে এক্ষেত্রে বাংলাদেশের মতো দেশগুলোর নিজস্ব ভাষা, সংস্কৃতি ও স্থানীয় বাস্তবতার উপযোগী এআই সক্ষমতা তৈরি করা জরুরি। সোমবার (১০ আগস্ট) ঢাকায় এক অনুষ্ঠানে এসব কথা বলেন গ্লোবাল ডেভেলপমেন্ট নেটওয়ার্কের প্রেসিডেন্ট অর্থনীতিবিদ অধ্যাপক জ্যঁ লুই আরকাঁ। রাজধানীর মহাখালীর ব্র্যাক সেন্টার ইনে `এআই, উৎপাদনের সীমাবদ্ধতা ও শ্রম পুনর্বণ্টন, শীর্ষক পাবলিক লেকচারে তিনি এসব কথা বলেন। ঢাকায় সাউথ এশিয়ান নেটওয়ার্ক অন ইকোনমিক মডেলিং (সানেম) এই পাবলিক লেকচারের আয়োজন করে। অনুষ্ঠান সঞ্চালনা করেন সানেমের নির্বাহী পরিচালক অধ্যাপক ড. সেলিম রায়হান। বাংলা ও অন্যান্য স্থানীয় ভাষায় এআই মডেলের ঘাটতি রয়েছে উল্লেখ করে অধ্যাপক জ্যঁ লুই আরকাঁ বলেন, বর্তমানে অধিকাংশ শক্তিশালী মডেলে ইংরেজি ও কয়েকটি প্রভাবশালী ভাষার আধিপত্য রয়েছে। ফলে বাংলাদেশের মতো দেশগুলোর নিজস্ব ভাষা, সংস্কৃতি ও স্থানীয় বাস্তবতার উপযোগী এআই সক্ষমতা তৈরি করা জরুরি।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১০.০৮.২০২৬ রুবাইয়া)

## বরখাস্তের ১১ বছর পর চাকরি ফিরে পাচ্ছেন পুলিশ কর্মকর্তা ওবায়দুর

ঢাকা মহানগর (ডিএমপি) পুলিশের সাবেক উপ-পুলিশ কমিশনার (পূর্ব) মো. ওবায়দুর রহমান খানের চাকরি থেকে বরখাস্তের আদেশ ১১ বছর পরে বাতিল করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। গত ৬ আগস্ট স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরী স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ আদেশ জারি করা হয়। সোমবার (১০ আগস্ট) স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রজ্ঞাপনটি প্রকাশ করে। প্রজ্ঞাপনে বলা হয়, ডিএমপির সাবেক উপ-পুলিশ কমিশনার (পূর্ব) মো. ওবায়দুর রহমান খানের প্রশাসনিক ট্রাইব্যুনাল-২ এ দায়ের করা মামলায় গত ১২ জানুয়ারি দেওয়া রায়/আদেশের পরিপ্রেক্ষিতে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আদেশে উল্লেখ করা হয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৫ সালের ৪ অক্টোবরের স্মারক মূলে মো. ওবায়দুর রহমান খানকে চাকরি থেকে বরখাস্তের যে দণ্ডাদেশ দেওয়া হয়েছিল, তা এতদ্বারা বাতিল করা হলো। একই সঙ্গে তার বরখাস্তকালকে কর্তব্যকাল হিসেবে গণ্য করার সিদ্ধান্ত হয়েছে। ফলে তিনি বিধি অনুযায়ী পেনশনসহ সব ধরনের আর্থিক ও অন্যান্য সুযোগ-সুবিধা পাবেন। এ সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে বলেও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আদেশে বলা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১০.০৮.২০২৬ রুবাইয়া)

## ডিএমপির সাত কর্মকর্তাকে বদলি

ঢাকা মহানগর (ডিএমপি) পুলিশের অতিরিক্ত ও সহকারী পুলিশ কমিশনার পদমর্যাদার সাত কর্মকর্তাকে বদলি করা হয়েছে। সোমবার (১০ আগস্ট) ডিএমপি কমিশনার মোসলেহ্ উদ্দিন আহমদ সই করা এক আদেশে তাদের বদলি করা হয়। আদেশে বলা হয়, গোয়েন্দা রমনা বিভাগে বদলির আদেশপ্রাপ্ত অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার মো. আল আমিন হোসাইনকে বাড্ডা জোনে, ট্রাফিক-তেজগাঁওয়ে বদলির আদেশপ্রাপ্ত অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার এহসানুল কামরান তানভীরকে ট্রাফিক-লালবাগ বিভাগে, সহকারী পুলিশ কমিশনার জিয়াউল হক শাহকে পেট্রোল-মোহাম্মদপুরে, সহকারী পুলিশ কমিশনার রাকিবুল হাসান সাকিবকে পেট্রোল-উত্তরা-পূর্বে, সহকারী পুলিশ কমিশনার মো. সাইফুল্লাহকে গোয়েন্দা-সাইবার অ্যান্ড স্পেশাল ক্রাইম-উত্তররের ওয়েববেজড ক্রাইম ইনভেস্টিগেশন বিভাগে, পেট্রোল-উত্তরা-পূর্বের সহকারী পুলিশ কমিশনার মো. হাবিবুর রহমানকে অপারেশনস বিভাগের ক্রাইম কমান্ড অ্যান্ড কন্ট্রোল সেন্টার-৩ এ এবং পিওএম বিভাগের সহকারী পুলিশ কমিশনার শাহিবুল ইসলামকে লজিস্টিক বিভাগের অস্ত্রাগারে বদলি করা হয়েছে। আদেশে বলা হয়, গত ৬ আগস্ট মোতাবেক ট্রাফিক-তেজগাঁও বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার তানিয়া সুলতানার বদলির আদেশ বাতিল করা হলো।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১০.০৮.২০২৬ রুবাইয়া)

## হবিগঞ্জে বাস-পিকআপের মুখোমুখি সংঘর্ষে নিহত ৩

হবিগঞ্জের নবীগঞ্জে ঢাকা-সিলেট মহাসড়কে পিকআপ ও যাত্রীবাহী বাসের মুখোমুখি সংঘর্ষে সবজি ব্যবসায়ীসহ তিনজন নিহত হয়েছেন। সোমবার (১০ আগস্ট) সকালে উপজেলার পানিউন্দা ইউনিয়নের বড়চর এলাকায় এ দুর্ঘটনা ঘটে। এর মধ্যে সবজি ব্যবসায়ী উপজেলার কারখানা গ্রামের সুফি মিয়ার ছেলে মশহুদ আহাম্মদ (৪০) ঘটনাস্থলেই মারা যান। অন্য দুইজন সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। তারা হচ্ছেন- ইনাতগঞ্জ বাজার এলাকার আব্দুল করিমের ছেলে ময়না মিয়া (৪২) এবং দক্ষিণগ্রাম ইনাতগঞ্জের কাশেম মিয়া (৫০)। সূত্র জানায়, সকালে পিকআপটি নিয়ে স্থানীয় দিগম্বর বাজারে কাঁচামাল আনতে যাচ্ছিলেন কয়েকজন ব্যবসায়ী। বড়চর এলাকায় পিকআপটি পৌঁছলে ঢাকা থেকে সিলেটগামী যাত্রীবাহী লাকি পরিবহনের একটি বাসের

সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে মশহুদ আহাম্মদ পিকআপ থেকে ছিটকে মহাসড়কে পড়ে যান। পরে বাসটি তার ওপর দিয়ে চলে যায়। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। দুর্ঘটনায় পিকআপের চালকসহ চারজন গুরুতর আহত হন। এসময় স্থানীয় লোকজন তাদের উদ্ধার করে সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করেন। সেখানে চিকিৎসাধীন অবস্থায় মারা যান ময়না মিয়া ও কাশেম মিয়া। শেরপুর হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আনিসুর রহমান বলেন, দুর্ঘটনায় একজন ঘটনাস্থলেই মারা যান। অন্য দুইজন সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে মারা গেছেন। দুর্ঘটনাকবলিত গাড়িগুলো শেরপুর হাইওয়ে থানা হেফাজতে নেওয়া হয়েছে। পরবর্তী আইনি কার্যক্রম চলমান আছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১০.০৮.২০২৬ রুবাইয়া)

## হাসপাতাল-ক্লিনিক লাইসেন্স নবায়নের মেয়াদ দ্বিগুণ করলো সরকার

দেশের বেসরকারি হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার, ডেন্টাল ক্লিনিক এবং মেডিকেল চেকআপ সেন্টারগুলোর লাইসেন্স প্রদান ও নবায়নের মেয়াদ ১ বছরের পরিবর্তে বাড়িয়ে ২ বছর করা হয়েছে। সোমবার স্বাস্থ্য অধিদপ্তরের হাসপাতাল ও ক্লিনিক সমূহের পরিচালক ডা. মো. নুরুল ইসলাম স্বাক্ষরিত এক অফিস আদেশে সিদ্ধান্ত বাস্তবায়নের কথা জানানো হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখার নির্দেশনার পরিপ্রেক্ষিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে অফিস আদেশে উল্লেখ করা হয়েছে। নতুন এই নিয়ম ২০২৬-২০২৭ অর্থবছর থেকে কার্যকর হবে।(জাগো নিউজ ওয়েব পেজ: ১০.০৮.২০২৬ রুবাইয়া)

## তথ্য ও সম্প্রচারমন্ত্রীর গ্রামের বাড়িতে ইলিশ-রসমালাইয়ে আপ্লুত মার্কিন রাষ্ট্রদূত

বরিশালের ঐতিহ্যবাহী ভাজা ইলিশ ও শচীন ঘোষের রসমালাইয়ের স্বাদে আপ্লুত হয়েছেন বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট টি ক্রিস্টেনসেন। সোমবার (১০ আগস্ট) সফরের দ্বিতীয় দিনে তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপনের গৌরনদীর বাড়িতে মধ্যাহ্নভোজে অংশ নিয়ে তিনি দেশীয় আতিথেয়তার অভিজ্ঞতা নেন। কূটনৈতিক ব্যস্ততা ও আনুষ্ঠানিকতার বাইরে এ মধ্যাহ্নভোজ পরিণত হয় বরিশালের মাটি, মানুষ ও দেশীয় ঐতিহ্যবাহী খাবারের সঙ্গে এক আন্তরিক পরিচয়ের পর্বে। এর আগে, মার্কিন রাষ্ট্রদূত তথ্যমন্ত্রীর বাড়ির আঙিনায় একটি গাছের চারা রোপণ করেন। দুপুরের আয়োজনে অতিথিকে স্বাগত জানানো হয় বরিশালের নিজস্ব স্বাদ ও দেশীয় খাবারের বৈচিত্র্য দিয়ে। নদীমাতৃক বরিশালের ঐতিহ্যের অন্যতম অনুষঙ্গ ইলিশসহ নানা ধরনের মাছ, বিভিন্ন রকম ভর্তা-ভাজি এবং গ্রামবাংলার চিরচেনা দেশীয় খাবার পরিবেশন করা হয়। খাবারের টেবিলে একদিকে যেমন ছিল বরিশালের নদী-জলের সঙ্গে মিশে থাকা ইলিশ, আইড়সহ বিভিন্ন ধরনের মাছের স্বাদ, অন্যদিকে ছিল বাঙালির চিরন্তন ভর্তা-ভাজির বৈচিত্র্য। নানা পদের এই আয়োজনের মধ্যদিয়ে বিদেশি অতিথির সামনে তুলে ধরা হয় বাংলাদেশের চিরায়ত অতিথিপরায়ণতা ও ঐতিহ্যবাহী খাদ্য সংস্কৃতির একটি স্বতন্ত্র আঞ্চলিক রূপ। মধ্যাহ্নভোজের শেষ পর্বেও ছিল স্থানীয় ঐতিহ্যের ছোঁয়া। মিষ্টান্ন হিসেবে পরিবেশন করা হয় গৌরনদীর বিখ্যাত শচীন ঘোষের রসমালাই, দধিসহ নানা ধরনের ঐতিহ্যবাহী মিষ্টি। বরিশালের মানুষের আতিথেয়তার উষ্ণতা, স্থানীয় খাবারের বৈচিত্র্য এবং ঐতিহ্যবাহী মিষ্টান্নের স্বাদ- সব মিলিয়ে মার্কিন রাষ্ট্রদূতের বরিশাল সফরের দ্বিতীয় দিনের এই মধ্যাহ্নভোজ হয়ে ওঠে এক ভিন্নধর্মী সাংস্কৃতিক অভিজ্ঞতা।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৮.২০২৬ রিহাব)

## প্রধানমন্ত্রীর খালাতো ভাইয়ের পেট্রোল পাম্পের সোয়া কোটি টাকা ছিনতাই

রাজধানীর উত্তরা এলাকায় ব্যাংকে জমা দিতে যাওয়ার পথে ডিএল পেট্রোল পাম্পের ১ কোটি ২১ লাখ ২৫ হাজার টাকা ছিনতাইয়ের অভিযোগ উঠেছে। রোববার (৯ আগস্ট) সকাল ১০টা থেকে সাড়ে ১০টার মধ্যে উত্তরা র‍্যাব-১ ব্যাটালিয়নের দক্ষিণ পাশে এ ঘটনা ঘটে। প্রতিষ্ঠানটি প্রধানমন্ত্রী তারেক রহমানের খালাতো ভাই তাসীন আক্তার হকের। পুলিশ ও সংশ্লিষ্ট সূত্র জানায়, তিনটি মোটরসাইকেলে করে আসা কয়েকজন ব্যক্তি টাকা বহনকারী গাড়িটির গতিরোধ করেন। একপর্যায়ে গাড়িতে ধাক্কা দিয়ে সেটি থামানোর পর ধারালো অস্ত্রের ভয় দেখিয়ে টাকার ব্যাগ ছিনিয়ে নিয়ে পালিয়ে যান তারা। মামলার এজাহারে ছিনতাই হওয়া টাকা ডিএল পেট্রোল পাম্পের বলে উল্লেখ করা হয়েছে। এ ঘটনায় পেট্রোল পাম্পের ম্যানেজার করিম বাদী হয়ে অজ্ঞাতনামা ব্যক্তিদের আসামি করে মামলা করেছেন। সংশ্লিষ্ট সূত্র জানায়, ডিএল প্রতিষ্ঠানের মালিকানার সঙ্গে যুক্ত তাসীন আক্তার হক। তিনি প্রয়াত সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার বোন, সাবেক সংসদ সদস্য ও মন্ত্রী খুরশীদ জাহান হকের ছোটো ছেলে। পেট্রোল পাম্প-সংশ্লিষ্ট ব্যক্তিদের দেওয়া তথ্য অনুযায়ী, ডিএল পেট্রোল পাম্পে প্রতিদিন প্রায় ৪৫ থেকে ৫০ লাখ টাকা লেনদেন হয়। নিয়ম অনুযায়ী, প্রতিদিনের বিক্রির টাকা সকাল ১০টা থেকে সাড়ে ১০টার মধ্যে ব্যাংকে জমা দেওয়ার জন্য নেওয়া হতো। শুক্র ও শনিবার ব্যাংক বন্ধ থাকায় ওই দু-দিনের টাকা পরবর্তী কর্মদিবস রোববার একসঙ্গে ব্যাংকে জমা দেওয়া হয়। ফলে রোববার তুলনামূলক বেশি টাকা ব্যাংকে নেওয়া হয়। গতকালও নিয়ম অনুযায়ী পেট্রোল পাম্পের টাকা ব্যাংকে জমা দিতে নেওয়া হচ্ছিল। সকাল ১০টা থেকে সাড়ে ১০টার মধ্যে উত্তরা র‍্যাব-১ ব্যাটালিয়নের দক্ষিণ পাশে পৌঁছালে তিনটি মোটরসাইকেলে আসা কয়েকজন ব্যক্তি গাড়িটির গতিরোধ করেন। পরে তারা গাড়িতে ধাক্কা দেন এবং ধারালো অস্ত্র দিয়ে হামলার পর টাকার ব্যাগ নিয়ে দ্রুত মোটরসাইকেলে করে পালিয়ে যান। মামলায় ছিনতাই হওয়া টাকার পরিমাণ

১ কোটি ২১ লাখ ২৫ হাজার উল্লেখ করা হয়েছে। তদন্তসংশ্লিষ্টরা বলছেন, দীর্ঘদিন ধরে পেট্রোল পাম্পের টাকা একই সময়ে ব্যাংকে জমা দেওয়ার জন্য নেওয়া হতো। প্রতিদিন সকাল ১০টা থেকে সাড়ে ১০টার মধ্যে টাকা নিয়ে ব্যাংকের উদ্দেশ্যে রওয়ানা হওয়ার বিষয়টি ছিনতাইকারীরা আগে থেকেই জানত কি না, তা খতিয়ে দেখা হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৮.২০২৬ রিহাব)

## ডেঙ্গু নিয়ে হাসপাতালে ভর্তি ২০ হাজার ছাড়ালো

এডিস মশাবাহিত ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে নতুন ৭২৬ জন রোগী দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন। এ নিয়ে চলতি বছর ভর্তি হওয়া রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ২০ হাজার ৭১ জনে। সোমবার (১০ আগস্ট) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এক বার্তায় এ তথ্য জানানো হয়। বার্তা অনুযায়ী, হাসপাতালে ভর্তি হওয়া রোগীদের মধ্যে ছাড়পত্র পেয়েছেন ১৮ হাজার ৫৬৭ জন। বর্তমানে চিকিৎসাধীন এক হাজার ৪৪৩ জন। বর্তমানে সবচেয়ে বেশি ৫৪১ জন চিকিৎসা নিচ্ছেন ঢাকা বিভাগের বিভিন্ন হাসপাতালে। এছাড়া খুলনায় ২৯৮, বরিশালে ২৭৮, চট্টগ্রামে ১০৭, ময়মনসিংহে ১১৮, রাজশাহীতে ৭৩, রংপুরে ২৩ ও সিলেট বিভাগে পাঁচজন চিকিৎসাধীন। স্বাস্থ্য অধিদপ্তরের বার্তা অনুযায়ী, ডেঙ্গুতে নতুন কেউ মারা যায়নি। আগের দিনের হিসাব মতে, এ বছর মৃত্যু হয়েছে মোট ৬১ জনের। তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে, মৃতদের মধ্যে নারী ৩৯ জন বা ৬৩ দশমিক ৯ শতাংশ এবং পুরুষ ২২ জন বা ৩৬ দশমিক ১ শতাংশ। ঢাকা বিভাগের ক্ষেত্রে দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) আওতাধীন হাসপাতালে ২০, উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) আওতাধীন হাসপাতালে সাত ও সিটি করপোরেশনের বাইরে একজন প্রাণ হারিয়েছেন। সেই সঙ্গে খুলনায় ১০, বরিশালে সাত, ময়মনসিংহে ছয়, চট্টগ্রামে পাঁচ, রাজশাহীতে তিন এবং রংপুর ও সিলেটে একজন করে মারা গেছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৮.২০২৬ রিহাব)

## তদন্ত ও অন্তর্বর্তীকালীন আদেশের ক্ষমতা পাচ্ছে মানবাধিকার কমিশন

জাতীয় মানবাধিকার কমিশনকে কার্যকর তদন্তের পাশাপাশি ভুক্তভোগীর তাৎক্ষণিক নিরাপত্তা নিশ্চিত করতে অন্তর্বর্তীকালীন আদেশ দেওয়ার ক্ষমতা দেওয়া হচ্ছে। এজন্য `জাতীয় মানবাধিকার কমিশন আইন, ২০২৬,-এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। সোমবার (১০ আগস্ট) সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ বিভাগের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। লেজিসলেটিভ ও সংসদবিষয়ক বিভাগ খসড়া আইনটি প্রণয়ন করেছে। মানবাধিকার সংরক্ষণ, উন্নয়ন ও নিশ্চিতকরণ এবং আন্তর্জাতিক মানবাধিকার আইন, সনদ ও চুক্তির প্রতি বাংলাদেশের অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে নতুন আইনটি করা হচ্ছে। খসড়া আইনে কমিশনের কার্যপরিধি আরও সুস্পষ্ট করার পাশাপাশি অভিযোগ নেওয়ার ব্যবস্থা সহজ করার প্রস্তাব করা হয়েছে। একইসঙ্গে কার্যকর তদন্ত ব্যবস্থা নিশ্চিত করার বিধান রাখা হয়েছে। তদন্ত চলাকালে ভুক্তভোগীর তাৎক্ষণিক নিরাপত্তা নিশ্চিত করা বা সম্ভাব্য ক্ষতি রোধে কমিশনকে অন্তর্বর্তীকালীন আদেশ দেওয়ার ক্ষমতা দেওয়া হয়েছে খসড়া আইনে। ফলে মানবাধিকার লঙ্ঘনের অভিযোগের ক্ষেত্রে তদন্ত শেষ হওয়ার আগেই ভুক্তভোগীর সুরক্ষায় প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সুযোগ তৈরি হবে। এছাড়া কমিশন গঠন ও মেয়াদ সম্পর্কে সুনির্দিষ্ট বিধান রাখা হয়েছে উল্লেখ করে মন্ত্রিপরিষদ বিভাগ জানিয়েছে, একজন চেয়ারপার্সন ও চারজন কমিশনার নিয়ে কমিশন গঠনের প্রস্তাব করা হয়েছে। এতে ন্যূনতম একজন নারী সদস্য রাখার বিধান রয়েছে। কমিশন গঠনের ক্ষেত্রে বাছাই কমিটির সুপারিশে নৃ-গোষ্ঠী ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর যোগ্য প্রার্থীদের অগ্রাধিকার দেওয়ার বিধান রাখা হয়েছে। বাছাই কমিটিতে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, নাগরিক প্রতিনিধি এবং নৃগোষ্ঠী বা সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করার প্রস্তাবও করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৮.২০২৬ রিহাব)

## ব্যাংক রেজুলেশন আইনের ১৮ক ধারা বিলুপ্ত হচ্ছে

`ব্যাংক রেজুলেশন আইন, ২০২৬,-এর ১৮ক ধারা বিলুপ্ত করতে `ব্যাংক রেজুলেশন (সংশোধন) আইন, ২০২৬,-এর খসড়া চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। চূড়ান্ত খসড়ায় রেজুলেশন আইনের ১৮ক ধারা বিলুপ্ত করা হয়েছে। সোমবার (১০ আগস্ট) সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে খসড়াটি লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং সাপেক্ষে অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ বিভাগের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এ সংশোধনী আইনের খসড়া প্রণয়ন করেছে। তফসিলি ব্যাংকের মূলধন ঘাটতি, তারল্য সংকট, দেউলিয়াত্ব বা অস্তিত্বের জন্য হুমকিস্বরূপ যে-কোনো ঝুঁকির সময়োপযোগী সমাধান এবং আর্থিক স্থিতিশীলতা নিশ্চিত করতে ২০২৫ সালে ব্যাংক রেজুলেশন অধ্যাদেশ জারি করা হয়। অধ্যাদেশটি আইনে রূপান্তরের লক্ষ্যে ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে বিল আকারে উত্থাপন করা হলে বিশদ পর্যালোচনার জন্য তা সংসদীয় বিশেষ কমিটির কাছে পাঠানো হয়। বিশেষ কমিটি অধ্যাদেশটি সংশোধিত আকারে উপস্থাপনের সুপারিশ করে। ওই সুপারিশের ভিত্তিতে অধ্যাদেশের কিছু বিধান বিধিমালার মাধ্যমে বাস্তবায়নের জন্য আলাদা করা হয়। পাশাপাশি সরকারের আর্থিক দায়ভার, গ্রাহকদের স্বার্থ এবং ব্যাংক খাতের বাস্তব পরিস্থিতি

বিবেচনায় নিয়ে আইনে নতুন ১৮ক ধারা সংযোজন করে বিলটি সংসদে উত্থাপন করা হয়। পরে উত্থাপিত আকারেই ব্যাংক রেজুলেশন আইন পাস হয়। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জানানো হয়েছে, প্রচলিত রেজুলেশন ব্যবস্থার পাশাপাশি একটি বাজারভিত্তিক বিকল্প ব্যবস্থা চালু, রেজুলেশনের আওতাধীন ব্যাংককে সচল রেখে পুনর্গঠন, মূলধন ঘাটতি ও তারল্য সংকট দূর করা, আমানতকারী ও বিনিয়োগকারীদের স্বার্থ সুরক্ষা এবং সরকারের আর্থিক সংশ্লেষ কমানোর লক্ষ্যে ১৮ক ধারা সংযোজন করা হয়েছিল। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৮.২০২৬ রিহাব)

## মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর সুস্থতা কামনা করলেন তারেক রহমান

মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের দ্রুত সুস্থতা কামনা করেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান। এর পাশাপাশি তিনি মালয়েশিয়ার প্রধানমন্ত্রীকে শুভকামনা জানিয়েছেন। সোমবার (১০ আগস্ট) রাতে প্রধানমন্ত্রীর অফিসিয়াল ফেসবুক পেজে এক পোস্টে এ তথ্য জানানো হয়। পোস্টে বাংলাদেশের প্রধানমন্ত্রীর পক্ষ থেকে বলা হয়, প্রধানমন্ত্রী তারেক রহমান মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের দ্রুত সুস্থতা কামনা করছেন এবং তার প্রতি আন্তরিক শুভকামনা জানিয়েছেন। প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, আমি দোয়া করি মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম দ্রুত সম্পূর্ণ সুস্থ হয়ে উঠুন। মহান আল্লাহ তাকে দীর্ঘস্থায়ী সুস্বাস্থ্য এবং শক্তি দিন। আমাদের জাতির মূল্যবান বন্ধুর প্রতি আমি এবং বাংলাদেশের জনগণ শুভকামনা জানাই।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৮.২০২৬ রিহাব)

## গুম হওয়া ছাত্রদল নেতার ছেলে এসএসসিতে উত্তীর্ণ, প্রধানমন্ত্রীর শুভেচ্ছা

২০১৩ সালে গুমের শিকার সূত্রাপুর থানা ছাত্রদল নেতা খালেদ হাসান সোহেলের ছেলে মো. সাদমান শিহাব চলতি বছরের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। তার এ সাফল্যে শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সোমবার (১০ আগস্ট) এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশিত হলে প্রধানমন্ত্রী তারেক রহমান শিহাবের কাছে শুভেচ্ছা উপহার পৌঁছে দিতে তার অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমনকে নির্দেশ দেন। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি সুজাউদ্দৌলা সুজন মাহমুদ এ তথ্য জানান। প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী আতিকুর রহমান রুমনের সমন্বয়ে `আমরা বিএনপি পরিবার,-এর সদস্য সচিব কৃষিবিদ মোকছেদুল মোমিন মিথুনের নেতৃত্বে একটি প্রতিনিধিদল পুরান ঢাকার বাংলাবাজার এলাকায় শিহাবদের বাসায় যায়। এ সময় প্রধানমন্ত্রীর পক্ষ থেকে শিহাবের হাতে ফুল, মিষ্টি ও গল্পের বই উপহার হিসেবে তুলে দেওয়া হয়। একইসঙ্গে তার উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৮.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## ১৭ বছরের শাসন দেশকে ঋণ ও আমদানি নির্ভর করেছে : প্রধানমন্ত্রী

বিগত ১৭ বছরের অপশাসন ও ফ্যাসিবাদী শাসন দেশকে ঋণ ও আমদানিনির্ভর করে রেখে গেছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেছেন, কোনো একক মন্ত্রণালয় বা বিভাগের পক্ষে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বাস্তবায়ন সম্ভব নয়, এ জন্য রাষ্ট্রের প্রতিটি পর্যায়ের সার্বিক সহযোগিতা প্রয়োজন। সোমবার এসডিজি বাস্তবায়ন বিষয়ক তৃতীয় জাতীয় সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। একইসঙ্গে টেকসই উন্নয়নের প্রান্তিক রূপায়ণে `এসডিজি ভিলেজ, কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। এই উদ্যোগের আওতায় প্রথম পর্যায়ে তিনটি গ্রামকে বাছাই করা হয়েছে, যেখানে বিভিন্ন কর্মসূচি পরীক্ষামূলকভাবে বাস্তবায়ন করা হবে। এই পাইলট প্রকল্পের সাফল্যের ভিত্তিতে পরবর্তীতে দেশের অন্য গ্রামেও তা সম্প্রসারণ করা হবে। সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দিয়ে রাঙামাটির কাপ্তাই উপজেলার মিতিঙ্গাছড়ি, খুলনার দাকোপ উপজেলার পানখালী ও দিনাজপুরের বোচাগঞ্জ উপজেলার নাফানগর নামে তিনটি গ্রামকে এসডিজি পাইলট মডেলে যুক্ত করেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী বলেন, যে তিনটি গ্রামকে এসডিজি পাইলট প্রকল্পে যুক্ত করা হয়েছে, তার সাফল্যের ভিত্তিতে, পর্যায়ক্রমে সব গ্রামকেই এই প্রকল্পের আওতায় আনা হবে। এসডিজি ভিলেজ উদ্যোগ নিয়ে আশাবাদ ব্যক্ত করে প্রধানমন্ত্রী বলেন, আমি আশা করি, এসডিজি ভিলেজ বর্তমান সরকারের নির্বাচনি অঙ্গীকারকে একটি আন্তর্জাতিকভাবে স্বীকৃত ডেভেলপমেন্ট মডেল হিসেবে তুলে ধরার ক্ষেত্রে একটি দৃষ্টান্তমূলক প্ল্যাটফর্ম হিসেবে গড়ে উঠবে। তিনি আরও বলেন, আগামী দিনের কর্মপরিকল্পনায় সরকারের দৃষ্টিভঙ্গি ও লক্ষ্য অত্যন্ত স্পষ্ট। একটি গণতান্ত্রিক, মানবিক ও প্রকৃত কল্যাণ রাষ্ট্র প্রতিষ্ঠাই এই সরকারের মূল উদ্দেশ্য। (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৮.২০২৬ আসাদ)

## প্রধানমন্ত্রীর ভারত সফর নিয়ে এখনো কোনো নীতিগত সিদ্ধান্ত হয়নি : পররাষ্ট্রমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমানের সম্ভাব্য ভারত সফর নিয়ে এখনো কোনো নীতিগত সিদ্ধান্ত হয়নি বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। সোমবার দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। এর আগে, সকালে সচিবালয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার দীনেশ ত্রিবেদী। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে পররাষ্ট্রমন্ত্রী বলেন, ”ভারত সরকার কিংবা বিমসটেকের পক্ষ থেকে

আমন্ত্রণপত্র রয়েছে। ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সরকার গঠনের দিনই একটি আমন্ত্রণপত্র পাঠিয়েছিলেন। তবে প্রধানমন্ত্রী ভারত সফর করবেন কি না, সে বিষয়ে এখনো সরকার কোনো নীতিগত সিদ্ধান্ত নেয়নি। সঠিক সময়ে বিষয়টি বিবেচনা করা হবে।„ সকালে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় বৈঠকে দণ্ডপ্রাপ্ত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফিরিয়ে আনার প্রক্রিয়া নিয়ে আলোচনা হয়েছে বলে জানান ড. খলিলুর রহমান। তিনি বলেন, ”শেখ হাসিনার প্রত্যর্পণ প্রক্রিয়া ত্বরান্বিত করতে ভারতকে তাগিদ দেওয়া হয়েছে। আমরা আশা করছি, ভারত এ বিষয়ে ইতিবাচক ও দায়িত্বশীল সাড়া দেবে।„ এছাড়া শহিদ ওসমান হাদি হত্যার সন্দেহভাজন আসামিদের ফিরিয়ে আনার বিষয়েও গুরুত্বারোপ করা হয়। পররাষ্ট্রমন্ত্রী বলেন, ”ভারতে গ্রেফতার হওয়া আসামিদের হস্তান্তরের জন্য প্রয়োজনীয় সব তথ্য-প্রমাণ ও কাগজপত্র দিল্লিকে দেওয়া হয়েছে। এটি আমাদের জন্য অত্যন্ত স্পর্শকাতর একটি বিষয়। আমরা তাদেরকে দ্রুত বাংলাদেশের কাছে হস্তান্তরের অনুরোধ জানিয়েছি।„ নয়াদিল্লিতে অবস্থানরত শেখ হাসিনার রাজনৈতিক মন্তব্য ও বিচার বিভাগ নিয়ে সাম্প্রতিক ঘটনার প্রেক্ষাপটে ক্ষোভ প্রকাশ করেন পররাষ্ট্রমন্ত্রী। তিনি উল্লেখ করেন, ”রাষ্ট্রের তিনটি প্রধান স্তম্ভের একটি হলো বিচার বিভাগ। বাংলাদেশের একটি স্বাধীন আদালত তাকে দণ্ড দিয়েছেন। তার কোনো বক্তব্য থাকলে তা আদালতে এসে বলা উচিত। অথচ তিনি দেশের বিচার বিভাগকে হেয় করছেন এবং ভারত সরকার তাকে সেই সুযোগ দিচ্ছে। আমরা প্রত্যাশা করি, কোনো দেশের সরকারই যেন বাংলাদেশের রাষ্ট্রীয় অবকাঠামোকে হেয় করার সুযোগ না দেয়।„ হাইকমিশনারের সঙ্গে আলোচনার পর এ ঘটনার পুনরাবৃত্তি ঘটবে না বলে আশাবাদ প্রকাশ করেন পররাষ্ট্রমন্ত্রী। একইসঙ্গে সীমান্ত হত্যা ও `পুশ-ইন, সংক্রান্ত বিষয়গুলো প্রধানমন্ত্রীর স্তরের আলোচনার পাশাপাশি নিয়মিত দ্বিপক্ষীয় বৈঠকের মাধ্যমে দ্রুত সমাধানের ওপর জোর দেওয়া হয়। (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৮.২০২৬ আসাদ)

## নতুন দায়িত্বে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, প্রজ্ঞাপন জারি

`বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পে-কমিশন, ২০২৫,-এর প্রতিবেদন পর্যালোচনা করে প্রয়োজনীয় সুপারিশ দিতে সাত সদস্যের একটি উচ্চপর্যায়ের কমিটি গঠন করেছে সরকার। অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীকে সভাপতি করে এ কমিটি করা হয়েছে। এতে সরকারের একাধিক মন্ত্রী ও সংশ্লিষ্ট কর্মকর্তাকে সদস্য করা হয়েছে। সম্প্রতি মন্ত্রিপরিষদ বিভাগ এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করেছে। এতে বলা হয়, কমিটির প্রধান দায়িত্ব হবে `বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পে-কমিশন, ২০২৫,-এর প্রতিবেদন পর্যালোচনা করা এবং তা বাস্তবায়নে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন করা। কমিটির সদস্য হিসেবে রয়েছেন- স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং সমাজকল্যাণ মন্ত্রী অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেন, আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী হলেন মো. আসাদুজ্জামান, ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর এবং জনপ্রশাসন ও খাদ্য মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মো. আব্দুল বারী, এমপি। এদিকে, কমিটি প্রয়োজন মনে করলে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ বা প্রয়োজনীয় অন্য কোনো ব্যক্তিকে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করতে পারবে বলে জানা গেছে।

(রেডিও টুডে ওয়েব পেজ: ১০.০৮.২০২৬ এলিনা)

## বাংলাদেশ-ভারত সম্পর্ক উন্নয়নের সুযোগ রয়েছে : হাইকমিশনার

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌহার্দ্যপূর্ণ আলোচনা হয়েছে বলে জানিয়েছেন বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার দীনেশ ত্রিবেদী। তিনি বলেছেন, বাংলাদেশ ও ভারতের দ্বিপক্ষীয় সম্পর্ক আরও উন্নয়নের সুযোগ রয়েছে। সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকের পর দুপুরে স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন ভারতীয় হাইকমিশনার। পরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। দীনেশ ত্রিবেদী বলেন, ”দুই দেশের মধ্যে অনেক গণতান্ত্রিক ইস্যু আছে এবং ভবিষ্যতেও থাকবে। আর এটাই গণতন্ত্রের সৌন্দর্য। এসব ইস্যু আলোচনার মাধ্যমে সমাধান করতে হবে।„ তিনি বলেন, ”এমন কোনো ইস্যু নেই, যেটা আলোচনার মাধ্যমে সমাধান করা সম্ভব নয়।„ বাংলাদেশ ও ভারতের সম্পর্ক আরও এগিয়ে নেওয়ার ওপর গুরুত্ব দিয়ে ভারতীয় হাইকমিশনার বলেন, ”দুই দেশের মধ্যে ঐতিহাসিক সম্পর্ক রয়েছে। এই সম্পর্ককে আরও এগিয়ে নিতে উভয়দেশকে একসঙ্গে কাজ করতে হবে।„ তিনি বলেন, ”পারস্পরিক আলোচনা ও সহযোগিতার মাধ্যমে দুই দেশের বিদ্যমান বিষয়গুলো সমাধান করে সম্পর্ককে আরও এগিয়ে নেওয়ার সুযোগ রয়েছে।„ এদিকে, আসন্ন ব্রিকস সম্মেলনে প্রধানমন্ত্রী তারেক রহমান অংশ নেবেন কি না- এ বিষয়ে কোনো মন্তব্য করেননি ভারতীয় হাইকমিশনার।

(রেডিও টুডে ওয়েব পেজ: ১০.০৮.২০২৬ এলিনা)

## `বাংলাদেশ-ভারত সম্পর্ক এগিয়ে নিতে উপযুক্ত পরিবেশ তৈরি করতে হবে,

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার দীনেশ ত্রিবেদী। বৈঠকে শেখ হাসিনাকে দ্রুত বাংলাদেশে প্রত্যর্পণ এবং শহিদ ওসমান হাদি হত্যাকাণ্ডে জড়িতদের ফিরিয়ে আনার বিষয়ে ভারতের প্রতি অনুরোধ পুনর্ব্যক্ত করেছে বাংলাদেশ। সোমবার (১০ আগস্ট) সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর দপ্তরে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। বৈঠকের শুরুতে প্রধানমন্ত্রী তারেক রহমান ভারতীয় হাইকমিশনারকে স্বাগত জানান। এ সময় হাইকমিশনার ঢাকায় গত দুই মাস দায়িত্ব পালনের বিভিন্ন অভিজ্ঞতা প্রধানমন্ত্রীর কাছে তুলে ধরেন।

সাক্ষাৎকালে বাংলাদেশ ও ভারতের মধ্যকার গুরুত্বপূর্ণ দ্বিপাক্ষিক নানা বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় বাংলাদেশ আশা প্রকাশ করে যে, ভারত দ্রুত শেখ হাসিনাকে প্রত্যর্পণের আইনি ও কূটনৈতিক প্রক্রিয়া ত্বরান্বিত করবে। একইসঙ্গে বিতর্কিত ঘটনায় নিহত শহিদ ওসমান হাদি হত্যাকাণ্ডের সঙ্গে জড়িতদের অবিলম্বে বাংলাদেশে ফিরিয়ে দেওয়ার বিষয়ে ভারতের কাছে পুনরায় অনুরোধ জানানো হয়। বৈঠকে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, দুই দেশের ঐতিহাসিক ও দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও এগিয়ে নিতে হলে উভয়পক্ষের জন্য উপযুক্ত ও সহায়ক পরিবেশ তৈরি করা অত্যন্ত প্রয়োজন। (রেডিও টুডে ওয়েব পেজঃ ১০.০৮.২০২৬ এলিনা)

## রিয়াদে অগ্নিকাণ্ডে নিহত ১৬ বাংলাদেশির পরিবার পাবে ‛বিশেষ মানবিক অনুদান,

সৌদি আরবের রিয়াদে সোফা তৈরির কারখানায় অগ্নিকাণ্ডে নিহত ১৬ বাংলাদেশি শ্রমিকের পরিবারের জন্য এককালীন বিশেষ মানবিক অনুদান দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। গতকাল রোববার রিয়াদের একটি সোফা তৈরির কারখানায় ভয়াবহ অগ্নিকাণ্ডে ১৬ বাংলাদেশি নাগরিকের মৃত্যু হয়। এ ঘটনায় গভীর শোক ও দুঃখপ্রকাশ করেছেন প্রধানমন্ত্রী। একইসঙ্গে নিহতদের পরিবারের পাশে দাঁড়াতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় মানবিক সহায়তা দেওয়ার নির্দেশ দিয়েছেন তিনি। প্রধানমন্ত্রীর নির্দেশনার পরিপ্রেক্ষিতে সোমবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে উচ্চপর্যায়ের আন্তঃমন্ত্রণালয় সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় পররাষ্ট্র সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব, রিয়াদে বাংলাদেশ দূতাবাসের প্রতিনিধি, পুলিশের স্পেশাল ব্রাঞ্চ, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, বিএমইটি ও বাংলাদেশ বিমানের উর্ধ্বতন কর্মকর্তারা অংশ নেন। সভায় নিহতদের মরদেহ দ্রুত শনাক্ত করে দেশে আনা এবং তাদের পরিবারকে প্রয়োজনীয় মানবিক সহায়তা দেওয়ার বিষয়ে আলোচনা হয়। সিদ্ধান্ত অনুযায়ী, বাংলাদেশ দূতাবাস সৌদি কর্তৃপক্ষ ও প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয় করে নিহতদের মরদেহ দ্রুত শনাক্ত করার ব্যবস্থা নেবে। শনাক্তকরণ শেষে সৌদি কর্তৃপক্ষের নির্দেশনা ও আনুষ্ঠানিকতা অনুসরণ করে নিহতদের মরদেহ সরকারি ব্যবস্থাপনায় ও খরচে সৎকার করা হবে। প্রধানমন্ত্রীর বিশেষ নির্দেশনা অনুযায়ী, নিহত ১৬ জনের প্রত্যেকের পরিবারের জন্য এককালীন বিশেষ মানবিক অনুদান দেওয়া হবে। এরই মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসনের পক্ষ থেকে নিহতদের পরিবারের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। প্রত্যেক পরিবারকে তাৎক্ষণিকভাবে ২০ হাজার টাকা করে বিশেষ অনুদান দেওয়া হয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, বাংলাদেশ দূতাবাস ও প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের পক্ষ থেকে নিহত শ্রমিকদের পরিবারের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রাখা হচ্ছে। সরকার বলছে, এই কঠিন সময়ে নিহতদের পরিবারের পাশে থেকে প্রয়োজনীয় সব ধরনের সহযোগিতা অব্যাহত রাখা হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৮.২০২৬ আসাদ)

## গুলিবিদ্ধ ছাত্রদল নেতার চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু

নরসিংদীর পলাশ উপজেলায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে প্রতিপক্ষের হামলা ও গুলিতে আহত ছাত্রদল নেতা ইব্রাহিম আল মাসুম মারা গেছেন। সোমবার সকালে ঢাকার একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। নিহত ইব্রাহিম আল মাসুম ডাঙ্গা ইনিয়নের হাসনহাটা গ্রামের মমিন হাজীর ছেলে। তিনি ডাঙ্গা ইউনিয়ন ছাত্রদলের সাবেক যুগ্ম সম্পাদক। গত ১ আগস্ট রাতে ডাঙ্গা ইউনিয়নের হাসনহাটা ফকিরবাড়ির এলাকায় আধিপত্য বিস্তার নিয়ে প্রতিপক্ষের হামলায় ও গুলিতে গুলিবিদ্ধ হন ছাত্রদল নেতা ইব্রাহিম আল মাসুম। এছাড়া গুরুতর আহত হন ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি, সাধারণ সম্পাদকসহ অন্তত ১০ জন। পুলিশ ও স্থানীয়রা জানায়, ফকির বাড়ি এলাকার বিজয়, সবুজ, ইকবাল ও সানির সঙ্গে একই এলাকার মাসুম, মামুন ও জয়নাল আবেদীনের সঙ্গে আধিপত্য বিস্তার নিয়ে পূর্ব বিরোধ ছিল। গত ১ আগস্ট রাতে ফকির বাড়ি এলাকায় একটি মুদি দোকানে অবস্থান করছিল মাসুম, মামুন ও জয়নালসহ আরও কয়েকজন। এসময় পূর্ব শত্রুতার জেরে বিজয়, সবুজ, ইকবাল ও সানি দলবলসহ আগ্নেয়াস্ত্র নিয়ে তাদের ওপর হামলা করে। এতে পেটে গুলিবিদ্ধ হয়ে আহত হন ছাত্রদল নেতা মাসুম। এসময় বাধা দিতে গিয়ে প্রতিপক্ষের এলোপাতাড়ি কোপে গুরুতর আহত হন ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি মামুন আহমেদ, সাধারণ সম্পাদক জয়নাল আবেদীনসহ আরও ১০ জন। পরে আহতদের উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পরে সেখান থেকে আহত মাসুমকে ঢাকার একটি বেসরকারি হাসপাতালে নিয়ে চিকিৎসা দেওয়া হয়। সর্বশেষ সেখানে চিকিৎসাধীন অবস্থায় সোমবার সকালে তার মৃত্যু হয়।

(রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৮.২০২৬ আসাদ)

## হামের উপসর্গে ২৪ ঘণ্টায় আরও পাঁচজনের মৃত্যু

গেলো ২৪ ঘণ্টায় সারাদেশে হামের উপসর্গ নিয়ে আরও পাঁচজনের মৃত্যু হয়েছে। এ সময়ে হাম ও হামের উপসর্গ নিয়ে আক্রান্ত হয়েছে এক হাজার ১৫৫ শিশু।সোমবার বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হাম-বিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত ২৪ ঘণ্টায় সারাদেশে হামের উপসর্গ নিয়ে আরও পাঁচজনের মৃত্যু হয়েছে। তবে নিশ্চিতভাবে হামে কোনো মৃত্যু হয়নি। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সারাদেশে হামের

উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে মোট ৭৮০ জনের। আর হামে আক্রান্ত হয়ে আরও ৯৮ জন প্রাণ হারিয়েছেন। অর্থাৎ হাম ও হামের উপসর্গ নিয়ে এই সময়ে মোট ৮৭৮ জন মারা গেছেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৮.২০২৬ আসাদ)

## ধর্ষণ মামলায় দুই আসামির মৃত্যুদণ্ড

জামালপুরে গৃহবধূকে ধর্ষণের মামলায় দুই আসামিকে মৃত্যুদণ্ড দিয়েছেন নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১। একইসঙ্গে তাদের প্রত্যেককে এক লাখ টাকা করে জরিমানা করা হয়েছে। সোমবার দুপুরে জামালপুর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১-এর বিচারক মুহাম্মদ আবদুর রহিম এ রায় ঘোষণা করেন। মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামিরা হলেন দেওয়ানগঞ্জ উপজেলার নিমাইমারী গ্রামের আসকর আলী ও জাহিদুল ইসলাম। রায় ঘোষণার সময় তারা আদালতে উপস্থিত ছিলেন। রাষ্ট্রপক্ষের আইনজীবী ফজলুল হক জানান, ২০২২ সালের ৩১ মার্চ রাতে দেওয়ানগঞ্জ উপজেলার নিমাইমারী গ্রামের ওই গৃহবধূকে নিজ ঘরে একা পেয়ে ধর্ষণ করেন আসকর আলী ও জাহিদুল ইসলাম। এ ঘটনায় ভুক্তভোগী নারীর ছেলে সোহাগ মিয়া বাদী হয়ে জামালপুর আদালতে মামলা করেন। মামলাটির দীর্ঘ বিচারিক কার্যক্রম শেষে ছয়জন সাক্ষীর সাক্ষ্যগ্রহণ করা হয়। সাক্ষ্য-প্রমাণ পর্যালোচনা শেষে আদালত সোমবার দুই আসামিকে মৃত্যুদণ্ড ও প্রত্যেককে এক লাখ টাকা করে জরিমানার আদেশ দেন। রায়ে সন্তোষ প্রকাশ করেছেন বাদীপক্ষ।
(রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৮.২০২৬ আসাদ)

## শহিদদের স্বপ্নের বাংলাদেশ গড়তে দায়িত্বশীল আচরণের আহ্বান প্রধানমন্ত্রীর

জুলাই গণ-অভ্যুত্থানে শহিদদের স্বপ্নের বাংলাদেশ গড়ে তুলতে দেশের প্রতিটি নাগরিককে নিজ নিজ অবস্থান থেকে দায়িত্ব পালনের আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, ”৭১ ও ২৪-এ যারা দেশের জন্য আত্মত্যাগ করেছেন, তাদের লক্ষ্য ছিল মানুষের অধিকার প্রতিষ্ঠা করা। এমন একটি বাংলাদেশ গড়ে তোলার জন্য লড়াই করা, যেখানে মানুষের মৌলিক চাহিদা পূরণ হবে এবং সবাই শান্তিতে বসবাস করতে পারবে।„ আজ সোমবার বিকেলে সচিবালয়ের মন্ত্রিপরিষদ সভাকক্ষে আয়োজিত জুলাই গণ-অভ্যুত্থানে বাংলাদেশ স্কাউটসের শহিদদের পরিবারের সদস্যদের সম্মাননা ও আর্থিক সহায়তা প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব সুজাউদ্দৌলা সুজন মাহমুদ এ কথা জানান। তিনি জানান, অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, ”জুলাই গণ-অভ্যুত্থানে যারা শহিদ হয়েছেন, তাদের উদ্দেশ্য ও লক্ষ্য ছিল দেশে একটি পরিবর্তন আনা। এমন একটি পরিবর্তন, যার মধ্যদিয়ে মানুষের মৌলিক চাহিদা ও অধিকার প্রতিষ্ঠিত হবে এবং মানুষ অন্তত শান্তিতে বসবাস করতে পারবে।„ শহিদদের আত্মত্যাগের ঋণ শোধ করার ক্ষমতা কারও নেই উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, ”যারা শহিদ হয়েছেন, তারা একটি মহৎ উদ্দেশ্য বাস্তবায়নের জন্য লড়াই করতে গিয়ে তাদের জীবন দিয়েছেন। তাদের আত্মত্যাগের যথাযথ মর্যাদা নিশ্চিত করতে হলে শুধু তাদের স্মরণ করলেই হবে না; তাদের মধ্যে থেকে আমরা যারা বেঁচে আছি, আমাদের প্রত্যেককেই নিজ নিজ জায়গা থেকে দেশের জন্য কাজ করতে হবে।„ বাংলাদেশ স্কাউট সদস্যদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী বলেন, ”আপনাদের সবাইকে দেশের জন্য এবং দেশের মানুষের জন্য কাজ করতে হবে।„ তিনি বলেন, ”মানুষের পাশে দাঁড়ানো এবং প্রাণ-প্রকৃতির পাশে থাকার মানসিকতা গড়ে তুলতে হবে। দেশের মানুষের কল্যাণে কাজ করার পাশাপাশি অন্যদেরও এ কাজে উদ্বুদ্ধ করতে হবে।„ অনুষ্ঠানে জুলাই গণ-অভ্যুত্থানে বাংলাদেশ স্কাউটসের ১০ শহিদ পরিবারের হাতে আর্থিক অনুদানের চেক ও সম্মাননা পদক তুলে দেন প্রধানমন্ত্রী। উপ-প্রেস সচিব জানান, অনুষ্ঠানে বাংলাদেশ স্কাউটসের সভাপতি নাসিমুল গণি জুলাই গণ-অভ্যুত্থানে শহিদদের অবদান ও আত্মত্যাগ নতুন প্রজন্মের কাছে তুলে ধরতে জাতীয় পাঠ্যক্রমে তাদের ভূমিকা অন্তর্ভুক্ত করার দাবি জানান।
(রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৮.২০২৬ আসাদ)

## বাংলাদেশ-ভারত সম্পর্ক জোরদারে নতুন সূচনা প্রয়োজন : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ বাংলাদেশ-ভারত সম্পর্কে একটি নতুন সূচনার আহ্বান জানিয়ে বলেছেন, পারস্পরিক সহযোগিতা ও সমতার ভিত্তিতে সংলাপের মাধ্যমে দুই দেশের মধ্যকার মতপার্থক্য নিরসন করা সম্ভব। তিনি বলেন, ”ভৌগোলিক, সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিকসহ নানা দিক থেকে বাংলাদেশ ও ভারত পরস্পরের ওপর নির্ভরশীল। অতীতকে পেছনে ফেলে দুই দেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে আরও শক্তিশালী করতে একটি নতুন সূচনা অপরিহার্য।„ আজ বাংলাদেশ সচিবালয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর দপ্তরে ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার দীনেশ ত্রিবেদী সৌজন্য সাক্ষাৎ করতে এলে তিনি এই মন্তব্য করেন। তিনি বলেন, ”দুই দেশের মধ্যে কিছু মতপার্থক্য ও সমস্যা রয়েছে, কিন্তু পারস্পরিক সহযোগিতা ও আলোচনার মাধ্যমে এগুলোর সমাধান করা সম্ভব। সমতার ভিত্তিতে আলোচনার মাধ্যমে আমাদের বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে এগিয়ে নিয়ে যেতে হবে। এ ব্যাপারে ভারতকে আন্তরিকতার সঙ্গে এগিয়ে আসতে হবে।„ বৈঠকে উভয় পক্ষ দ্বিপক্ষীয় সম্পর্ক এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে ফলপ্রসূ ও ইতিবাচক আলোচনা করেছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৮.২০২৬ আসাদ)

## ম্যানেজিং কমিটির মাধ্যমে শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত হয়নি : শিক্ষামন্ত্রী

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে ম্যানেজিং কমিটি নয়, নিবন্ধন পরীক্ষার মাধ্যমে শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ শিক্ষক নিয়োগ দেবে, এটাই চূড়ান্ত। এ নিয়ে বিভিন্ন সময়ে আলোচনা হলেও শিক্ষক নিয়োগে আগের নিয়মই বহাল আছে বলে সাফ জানিয়েছে শিক্ষা মন্ত্রনালয়। এক্ষেত্রে নতুন করে কোনও পরিপত্র জারি হয়নি বলেও জানায় মন্ত্রনালয়। সোমবার রাতে শিক্ষা মন্ত্রণালয় থেকে এ তথ্য জানানো হয়েছে। এদিকে নিজের ফেসবুক পোস্টে শিক্ষামন্ত্রী জানান, বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডির মাধ্যমে শিক্ষক নিয়োগ দেওয়ার বিষয়ে কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহসানুল হক মিলন। তিনি বলেন, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ ২০০৫ সালে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার নেতৃত্বাধীন সরকারের সময়ে প্রতিষ্ঠিত হয়। এনটিআরসিএর কার্যক্রম ও শিক্ষক নিয়োগ প্রক্রিয়াকে আরও স্বচ্ছ, দক্ষ ও সুন্দরভাবে পরিচালনার বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে পর্যালোচনা অব্যাহত রয়েছে। শিক্ষামন্ত্রী বলেন, ”ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি কর্তৃক শিক্ষক নিয়োগ প্রদান সংক্রান্ত কোনো সিদ্ধান্ত গৃহীত হয়নি।„ এ বিষয়ে কোনো অপতথ্য প্রচার না করার জন্য সবার প্রতি অনুরোধ জানিয়েছেন তিনি। প্রসঙ্গত, এনটিআরসি নয়, ম্যানেজিং কমিটির মাধ্যমে এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ দেওয়ার সিদ্ধান্ত চূড়ান্ত হয়েছে, এমন খবর বিভিন্ন গণমাম্যমে প্রকাশিত হলে এ নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে সমালোচনা হতে দেখা যায়। এরই প্রেক্ষিত্রে এবার শিক্ষা মন্ত্রণালয় ও মন্ত্রী তাদের অবস্থান জানিয়েছেন।
(রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৮.২০২৬ আসাদ)

## মাটি খুঁড়তেই মিললো ৯৬ মাইন, নিষ্ক্রিয় করলো সেনাবাহিনী

মেহেরপুরের গাংনী উপজেলার বেতবাড়িয়া গ্রামের একটি পরিত্যক্ত জমি থেকে উদ্ধার করা ৯৬টি মাইন সফলভাবে নিষ্ক্রিয় করেছে যশোর সেনানিবাসের বোম ডিসপোজাল টিম। সোমবার দুপুর সাড়ে তিনটায় পরীক্ষা-নিরীক্ষা শেষে নিরাপদ স্থানে নিয়ে একে একে মাইনগুলো ধ্বংস করা হয়। মাইন নিষ্ক্রিয় করার সময় মুহুর্মুহু বিস্ফোরণের শব্দে কেঁপে ওঠে বেতবাড়িয়া এলাকা। বিপুল পরিমাণ বিস্ফোরক ধ্বংসের পর স্বস্তি ফিরেছে স্থানীয়দের মধ্যে। এর আগে, শনিবার দুপুরে বেতবাড়িয়া গ্রামের নুরুজ্জামানের পরিত্যক্ত জমিতে মাটি কাটার সময় মাইন সদৃশ বেশ কয়েকটি বস্তু দেখতে পান স্থানীয়রা। বিষয়টি জানাজানি হলে এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। খবর দেওয়া হয় পুলিশকে। পরে ঘটনাস্থলে পৌঁছে পুলিশ ও বিজিবি এলাকাটি ঘিরে ফেলে। নিরাপত্তার স্বার্থে সাধারণ মানুষের চলাচল সীমিত করা হয়। ঘটনাস্থলটি ক্রাইম সিন হিসেবে চিহ্নিত করে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। মাইনগুলো দেখতে অনেকটা পুরোনো হলেও এগুলো সক্রিয় কি না, তা নিয়ে তৈরি হয় উদ্বেগ। দীর্ঘ সময় পরিত্যক্ত অবস্থায় পড়ে থাকায় স্থানীয়দের মধ্যে ভয় আরও বাড়তে থাকে। সোমবার দুপুরে ঘটনাস্থলে পৌঁছায় যশোর সেনানিবাসের বোম ডিসপোজাল টিম। বিশেষজ্ঞ দল উদ্ধার করা মাইনগুলো পরীক্ষা-নিরীক্ষা করে। পরে ঝুঁকি এড়াতে সেগুলো নিরাপদ স্থানে নিয়ে গিয়ে বিশেষ প্রক্রিয়ায় নিষ্ক্রিয় করা হয়। একের পর এক বিস্ফোরণের শব্দে পুরো এলাকা কেঁপে ওঠে। স্থানীয় বিপুল হোসেন জানান, এত বছর ধরে জমিটি পরিত্যক্ত থাকলেও, সেখানে বিপুল পরিমাণ বিস্ফোরক পড়ে আছে- এমন ধারণা কারও ছিল না। মাটি কাটার সময় মাইনগুলো বেরিয়ে আসার পর থেকেই আতঙ্কে ছিলেন তারা। বিশেষ করে শিশু ও সাধারণ মানুষ যেন ঘটনাস্থলের কাছে না যায়, সেজন্য স্থানীয়রা সতর্ক অবস্থানে ছিলেন। পুলিশের ধারণা, মহান মুক্তিযুদ্ধের সময় কৌশলগত কারণে এসব মাইন ওই এলাকায় পুঁতে রাখা হয়ে থাকতে পারে। তবে মাইনগুলোর প্রকৃত উৎস ও কত বছর আগে এগুলো সেখানে রাখা হয়েছিল, তা নিশ্চিত হতে আরও তদন্ত প্রয়োজন বলে জানিয়েছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। মেহেরপুর গাংনী থানার ওসি তদন্ত শিমুল কুমার দাস জানান, ঘটনাস্থল ও আশপাশের এলাকায় আরও কোনো বিস্ফোরক দ্রব্য রয়েছে কি না, তা খতিয়ে দেখা হচ্ছে। প্রয়োজন হলে বিশেষজ্ঞদের সহায়তায় ওই এলাকায় আরও অনুসন্ধান চালানো হবে। দীর্ঘ সাড়ে পাঁচ দশক পর বিপুল পরিমাণ তাজা বিস্ফোরক উদ্ধারের ঘটনায় একদিকে যেমন আতঙ্ক ছড়িয়েছিল, তেমনি নিরাপদে সেগুলো নিষ্ক্রিয় হওয়ায় স্বস্তি ফিরেছে স্থানীয়দের মাঝে। (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৮.২০২৬ আসাদ)

# BBC

## AT LEAST 13 KILLED IN UKRAINIAN STRIKE ON RUSSIA'S TATARSTAN REGION

At least 13 people have been killed in a Ukrainian drone strike on the Russian republic of Tatarstan, officials have said. One child was among the victims with 75 more people injured, Russian authorities said, in one of the deadliest single attacks on Russia since the start of Moscow's full-scale war in Ukraine. Kyiv has not yet commented on the strike on the city of Nizhnekamsk, which is more than 1,100 kilometres from the Ukrainian border. Ukraine's Armed Forces confirmed Nizhnekamsk's Tanevo oil refinery had been hit, while Ukrainian defence technology manufacturer FirePoint said its FP-1 drones had been used in the attack. (BBC News Web Page: 10/08/26, FARUK)

**CHINA EVACUATES ONE MILLION FROM HOMES AS MASSIVE STORM ARRIVES**

Chinese authorities have evacuated more than a million people from their homes in eastern China including the financial capital Shanghai, as Typhoon Dolphin made landfall. The typhoon brought heavy rain and halted transportation across the region. Nearly 1,000 flights were cancelled in Shanghai alone on Monday. While authorities have downgraded Dolphin to a tropical storm, they continue to warn of torrential rains, severe flooding and the risk of landslides through to Wednesday as the storm moves north. Chinese authorities had earlier issued their highest-level red alert for Dolphin, which is the strongest storm to hit China this year. It packed maximum wind speeds of 150km/h when it first slammed into Yuhuan in the Zhejiang province at 17:30 on Sunday before making a second landfall in the city of Wwnzhou about an hour later, meteorological authorities said. Heavy rain was forecast on Monday for the provinces of Shandong, Henan, Hubei, Anhui, Jiangsu, Zhejiang and the city of Shanghai. (BBC News Web Page: 10/08/26, FARUK)

**FORMER THAI MP ALLEGEDLY KILLS OFFICIAL AND CONFESS ON YOUTUBE**

A former Thai MP allegedly shot dead a local official in the southern province of Nonthaburi, then dialled into a YouTube livestream to inform the host - a political pundit - of what he had done. Former Nonthaburi MP Chalong Reawrseng told the shocked host, Anchalee Paireerak, that he had shot Thongchai Yenprasert, a former police official, outside Thongchai's office. Thongchai, who was hit in the neck, died in hospital. His driver was shot in the arm and hand. Chalong was arrested but then allowed to hold a press conference at a police station where he attempted to explain what had happened while smoking a cigarette. (BBC News Web Page: 10/08/26, FARUK)

**DRONES SPOTTED OVER GERMAN BASE DAYS AFTER LEIPZIG BOMB INCIDENT**

Two drones were spotted over a military base in western Germany just days after an explosive-laden device was found at Leipzig airport. Germany's armed forces (Bundeswehr) confirmed they were seen on Thursday evening at a base in Mechernich, near Bonn, reportedly housing components for US-made Patriot air-defence systems. A spokeswoman for the Bundeswehr Joint Force Command said military police were deployed to the site before the matter was handed over to local police. It is the latest instance of drones being spotted near military bases or airports in European nations supporting Ukraine in its war with Russia, on which suspicion has fallen. Moscow has consistently denied any involvement. German Interior Minister Alexander Dobrindt told newspaper Bild on Sunday that Germany had become a regular target of "destabilizing" attacks.
(BBC News Web Page: 10/08/26, FARUK)

**RESIDENTS WARNED TO BRACE FOR THE WORST AS CANADA WILDFIRE RAGES OUT OF CONTROL**

A state of emergency has been declared after thousands of people were forced to flee their homes as a fast-moving wildfire spread rapidly in western Canada, doubling in size since it was first detected on Friday. Police said one person has died in the Bald Range fire, which is burning across 53 sq miles in Summerland and other areas of British Columbia, according to the BC Wildfire Service. Officials said flames were so high they had created their own weather systems, which creates lightning. Canadian police said on Sunday an 80-year-old woman from Meadow Valley, north-west of Summerland, had died suddenly while attempting to flee her home along with a member of her family. "Police believe her death to be a result of the wildfire," police said in a statement. Residents that spoke to the BBC described the wildfire as one that intensified dramatically with little warning before it reached its current size of 13,618 hectares. (BBC News Web Page: 10/08/26, FARUK)

**NIGERIAN ARMY SAYS IT SAFELY RESCUED 33 PEOPLE KIDNAPPED BY GUNMAN**

Nigeria's army has said it safely rescued 33 people after they were kidnapped by armed men while travelling through the country's north-western Zamfara state. The army said its troops mobilized alongside the police immediately after hearing about the abduction, in the Tsafe area of Zamfara on Saturday afternoon. The military found the kidnappers in the process of moving the hostages to an unknown location, the army said, and the gunmen fled into the nearby bush after coming under fire. Kidnappings by armed groups who hold people for ransom are common in parts of north-western Nigeria and major roads have become targets for attacks. (BBC News Web Page: 10/08/26, FARUK)

**ALLEGED REBEL LEADER KILLED IN COLOMBIA AS PRESIDENT TARGETS ARMED GROUPS**

A man suspected of leading a dissident fraction of a left-wing rebel group has been killed in a military operation in central Colombia, officials say. The operation forms part of a crackdown on illegal armed groups ordered by Colombia's new president, Abelardo de la Espriella, who was sworn in on Friday. He said the killing by the security forces of Hernando Forero Mosquera and five other alleged members of armed groups on the weekend sent "a clear and powerful message to all bandits that there is nowhere for them to hide". During his campaign for the presidency, de la Espriella said he would target "narco-terrorism" relentlessly, including by launching air strikes. (BBC News Web Page: 10/08/26, FARUK)

**WORLD'S OCEAN HIT RECORD-HIGH JULY TEMPERATURES**

The world's oceans hit their hottest ever recorded temperatures for July, partly fuelled by developing El Nino conditions in the Pacific, according to the EU's climate monitoring service. The average sea surface temperatures (SST) outside the world's polar regions - between 60 degrees north and 60 degrees south - was 20.96C last month, beating the previous high of 20.89C, set in 2023. Last month was the joint second-warmest July globally on record, with temperatures 1.47C above the estimated pre-industrial average, according to the Copernicus Climate Change Service. Meanwhile, Western Europe experienced its hottest ever June and July, with prolonged hot and dry conditions fuelling extreme wildfires across the region. Elsewhere, the UK is braced for its fifth heatwave of the year this week, as persistent dry weather puts further pressure on water supplies and could see more areas officially declared in drought. Around Europe, sea surface temperatures in July reached record highs along the Atlantic coast and in the western Mediterranean, contributing to widespread strong and severe marine heatwaves. Sea temperature remained exceptionally high across much of the tropical Pacific, where El Nino conditions are developing and forecast to strengthen in the coming months. (BBC News Web Page: 10/08/26, FARUK)

**INDIA POLICE FIRE TEAR GAS AT PROTESTERS SEEKING EXAM REFORMS**

Police in India have fired tear gas shells on protesters demanding reforms to recruitment exams in the eastern state of Jharkhand. Thousands of students, job seekers and volunteers have been trying to reach the state's assembly in the capital city of Ranchi to register their protest. The BBC has seen some people who have sustained injuries, though the official number of injured is unclear. The protesters have been demonstrating for over two weeks now, demanding an overhaul of Jharkhand's government exam system. On Monday, many attempted to breach police barricades, causing police to use water cannons, batons and tear gas to try and disperse crowds, officials say. "About 90% of the students are peaceful, but there are some who are not listening even to their own representatives," Ranchi City Superintendent of Police Paras Rana said. Meanwhile in Ranchi, visuals from the state capital show thousands of protesters, police as well as media personnel on the streets, amid tightened security arrangements. (BBC News Web Page: 10/08/26, FARUK)

**BATTLE FOR MALI BASE HAS KILLED DOZENS OF MILITANTS: ARMY**

The authorities in Mali say their soldiers killed dozens of militant Islamists as they repelled an attack on a military base on Sunday. Jama'at Nusrat al-Islam wal-Muslimin (JNIM), a jihadist group affiliated to al-Qaeda, said it was behind the assault where it's fighters took control of the base in the town of San. The army, which also suffered casualties, disputed it had ceded control - but said its soldiers had to"retreat temporarily". It comes as Mali's security situation appears to be deteriorating, more than a decade after a jihadist insurgency began taking root in the north of the country. "The enemy was eliminated and the attack was successfully repelled. Around 40 terrorists were eliminated," Lt Col El Oumrani, the commander of the 23rd regiment in the San garrison, said in a video. He urged residents to remain vigilant, insisting that his soldiers had "not gone anywhere" and the base remained under army control. (BBC News Web Page: 10/08/26, FARUK)

**:: THE END ::**